




मानिक्टाज अधिनिति विश क्तिकोकात उत्रेनत्वात प्रमेखत्म आध







প্থিবীর আকার কেমন? প্রশ্নটা অন্তুত বলে মনে হয়, তাই না? প্থিবীকৈ ভূগোলক বলা হয়। গোলক মানে গোল। প্থিবী গোল ছাড়া আর কেমন হবে?

প্রথিবী যে গোলাকার বিংশ শতাব্দীর মান্ষ তোমার আমার কাছে এটাই স্বাভাবিক, যেমন স্বাভাবিক আকাশের নীল রঙ, গাছপালার সব্জ রঙ। তার কারণ এই যে ছেলেবেলা থেকেই আমাদের শ্নতে শ্নতে অভ্যাস হরে গেছে যে প্রথিবীটা গোল। কিন্তু ব্যাপারটা কি এতই স্পন্ট যে প্রমাণের কোন দরকার হয় না?

চলে এসো কোন মাঠে। হাঁটতে হাঁটতে চলে এসো অনেক অনেক দ্বে, মাঠের মধিখানে, যাতে দ্বে দিগন্তের দিকে তাকালে রঙচঙে পাপড়ির ফুল আর ঘাস ছাড়া আর কিছুই চোখে পড়ে না। তোমার চারপাশে তাকিয়ে দেখ। কী দেখতে পাচ্ছ? — প্থিবীর ওপরটা কি বাঁকা, ফোলা?.. না ত। সেরকম কিছুই চোখে পড়ছে না। এই ত চোখের সামনে দিব্যি দেখা যাচ্ছে দিগন্ত পর্যন্ত ছড়ানো প্থিবী। স্পন্ট দেখা যাচ্ছে তার ওপরকার প্রতিটি চিবি, প্রতিটি ঝোপঝাড়। তাহলে কে বলল প্থিবীটা গোল?

কৃতিম উপগ্রহের মারফত পাওয়া তথ্যের ভিত্তিতে কম্পিউটার যন্তে যখন ভূপ্রের পরিধি মাপা হল তখন দেখা গেল আমাদের গ্রহের আকার আসলে জটিল — অনেকটা নাশপাতির মতো। স্মের্র কাছাকাছি উত্তর গোলার্ধ খানিকটা ওপর দিকে উঠে গেছে, আবার দক্ষিণ গোলার্ধ সামান্য দাবানো। প্থিবীর গায়ে যেমন টোল আছে তেমনি আবার ফুলো ফুলো জায়গাও আছে। শ্রহ্ কি তাই? প্থিবীকে যদি বিষ্বরেখা বরাবর সমান দ্টুকরো করে কাটা যায় তাহলেও দেখা যাবে ছেদের জায়গায় প্রেরাপ্রির বৃত্ত না হয়ে কিছুটো যেন উঠে গেছে। সত্যিকারের নাশপাতি যাকে বলে, তাও আবার বেশ বাঁকাচোরা। কী নাম দেওয়া যায় এ ধরনের আকারকে?

বিজ্ঞানীরা এই নিয়ে অনেক মাথা ঘামান। নানা রকম নাম বাছাবাছি করার পর শেষকালে তাঁরা যে নামটি রাখলেন তা হল 'geoid'। শব্দটা যৌগিক। গ্রীক ভাষায় 'geo' মানে ভূ, অর্থাৎ প্রথিবী আর গ্রীক ভাষারই শব্দ 'eidos', অর্থাৎ আকার —এই দ্রের মিলনে এর উৎপত্তি। ব্যুৎপত্তিগত অর্থে দাঁড়াচ্ছে ভূসদৃশ। তাহলে ঘটনাটা এই যে আমাদের প্রথিবীটা গোলক হলেও প্রোপর্নির তা নয়। মান্য কী ভাবে প্রথিবীর আকার জানতে পারল সে ইতিহাস দীর্ঘ, অসাধারণ কৌত্রলোন্দীপকও বটে। তাই নিয়েই আমাদের এই বই।









কোটি কোটি বছর আগে প্রথিবীতে মান্য বেশি ছিল না। মাঠ
আর বনে বসবাসকারী অন্যান্য জীবজন্তুর তুলনার মান্যকে দ্বল
মনে হত। হিংস্র জন্তুজানোরারের হাত থেকে আত্মরক্ষা করার
মতো অথবা নিজের খাবার জন্য বন্য পশ্পাথি শিকার করার
উপযুক্ত শক্ত নথর ও ধারাল দাঁত তার ছিল না। হিম থেকে
গা বাঁচানোর জন্য সর্বাঙ্গে ষেমন ঘন ও গরম লোম থাকা
দরকার তাও তার ছিল না। ওড়ার ডানা তার ছিল না,
দাবানল বা বসন্তের বন্যা থেকে পালানোর মতো পায়ের জোরও
ছিল না। থাকার মধ্যে তার ছিল বংসামান্য ব্রিদ্ধবিবেচনা আর
অভিজ্ঞতা সপ্রের ক্ষমতা।

প্থিবীর আদিম মান্ধের জীবন ছিল কঠিন। কঠিন ছিল, ক্ষ্বার তাড়না ছিল। সারাদিন ধরে নারী ও শিশ্রা যোগাড় করত গাছের মলে-কন্দ আর শাকপাতা, প্র্বেরা কেউ কেউ চেণ্টা করত মাছ ধরতে, কেউ বা ছোট বড় যাই হোক কোন না কোন জন্তুজানোয়ার ধরতে। মান্ধ তখন বাস করত বড় বড় পারিবারিক দল বেংধ — বাবা-মা, ছেলেমেয়ে, ঠাকুর্দা-ঠাকুমা, খ্ডো-জ্যাঠা, পিসি, ভাইপো, ভাইঝি — সবাই সবার আত্মীয়ন্বজন, জ্ঞাতিগোণ্ঠী। সন্ধ্যা হতে না হতে সকলে এটা সেটা খাবারদাবার নিয়ে তাদের বাসন্থান গ্রের এসে জড় হয়। সেখানে অগ্রিকুণ্ডের ধারে গোল হয়ে বসে ভাগা-ভাগি করে খাবার খায়।

আদিম মান্য দীর্ঘকাল কেবল পাথর কাঠ আর হাড় দিয়েই শ্রম ও শিকারের হাতিয়ার বানাতে পারত। পাথরের কুড়লে বা ছারি তৈরি করা সহজ ব্যাপার নয়। হাতিয়ারের উপযুক্ত একটা পাথরের খণ্ড খাঁজে বার করতে কত সময়ই না নট হয়! পাথরের খোঁজে নিজেদের এলাকা থেকে দরের যেতে হত। অবশা এটাও ঠিক যে বন্ধ রেশি দরের তারা যেত না, তাতে পথ হারানোর আশক্রা থাকত। যেতে যেতে লোকে গিয়ে পড়ত গিরিখাতের ভেতরে, যেখানে ভেঙে-পড়া শিলাখণ্ডগালি পাহাড়ী নদীর প্রবল স্থোতে গড়াতে গড়াতে গোল গোল নাড়ির আকার পেত। কখনও বা তারা সাগরতীরে, শৈলসংকুল বেলাভূমিতে উপযুক্ত পাথর খাঁজে বেড়াত।





আদিম মান্বেরা সমর সমর ঐ সমন্ত পাথরের মধ্যে বিশেষ ধরনের কিছু কিছু পাথরের সন্ধান পেত। সেই পাথর পিটিয়ে চ্যাপ্টা করা যেত, পিটালে ফাটত না, টুকরো টুকরো হয়ে যেত না। দ্বটো বড় বড় পাথরের মারখানে ফেলে অনেকক্ষণ ঘা মারতে পারলে অনেক সমর ছুরির জন্য পাতলা পাত কিংবা কুড়লের জন্য খানিকটা স্কুল ধরনের কুলা হত। এই হাতিয়ারগর্লোকে শান দেওরা ষেত।

তোমরা নিশ্চরই আন্দান্ধ করতে পারছ যে ওগ্নলো আসলে স্বাভাবিক ধাতুপিণ্ড: তামা, সোনা, কখনও কখনও আবার রুপোও পাওয়া যেত।

শতাব্দীর পর শতাব্দী, সহস্রাব্দর পর সহস্রাব্দ কেটে গেল। ধীরমন্থর গতিতে বদলাতে লাগল আদিম মানুষের জীবনযাতা। বিন্দু, বিন্দু; করে অভিজ্ঞতা সণ্ডিত হয়ে প্রে,ষান,ক্রমে সঞ্চারিত হয়ে চলল। প্রিথবী যে কত বড় হতে পারে সেই সময় এ নিয়ে কোন মান,বই মাথা ঘামাত ना। ठातभारमत प्रविकद्ध र दल यत श्रु र नि সরোবর — মনে হত বিশাল বিশাল। তার আরও কারণ এই যে আদিম মান,ষের তখনও নৌকো ছিল না। তুণভূমি, বনজঙ্গল, পাহাড়পর্বত — তার পক্ষে পার হওয়া দুঃসাধ্য। লোকে যানবাহন বলতে কিছু, জানত না। একে শুখু, দ,'পায়ের ওপর ভরসা, তায় আবার পথঘাটের বালাই নেই — কত দুরেই বা যাওয়া যেতে পারে? ভয়াবহ! বনেজঙ্গলে আর তুণভূমিতে ঘুরে বেডাচ্ছে যত রাজ্যের রক্তপিপাস, জতুজানোয়ার। সরোবরে, সাগর-মহাসাগরে আছে হিংদ্র মাছেরা। সকলেই অসতর্ক পথিককে গিলে খাওয়ার তালে আছে। গিলে যদি নাও খায় ভয় ত পাইয়েই দেবে। লোকে তাই চেণ্টা করত বেশি দরের না গিয়ে নিজের নিজের এলাকার কার্ছেপিঠে থাকার। তখন পর্যন্ত দরে যাত্রার কথা কেউ চিন্তাই করত না। আর এই করেণেই আদিয় মান,যের কাছে তার আশুনা আর আশেপাশে চোখে যতটুকু দেখা যেত সেটাই ছিল গোটা পূৰ্বিবী।


আদি বাসস্থান ছাড়ার কারণ

বিজ্ঞানীদের মতে, সবচেয়ে আগে মানুষের আবিভাব ঘটে এশিরা, আফ্রিকা ও ইউরোপের অঞ্চলগ্র্নিতে। ঐ সব এলাকাতেই আদিম মান্বের প্রাচীনতম দেহাবশেষ ও তার স্কুল হাতিয়ার পাওয়া গেছে, কিন্ত আমেরিকা মহাদেশে বা অস্টেলিয়ায় এমন কোন নিদর্শন মেলে নি। তার মানে কি এই নম্ন যে মান্য আরও পরে কোন এক সময় সেখানে বাসাবদল করে? বাসাবদল কেন করে? কেন চলে যায় নিজেদের জন্মস্থান ছেড়ে? কী ভাবেই বা পার হয় সুবিশাল মহাসাগর?

জানা গেছে যে এ ধরনের বাসাবদলের কারণ অনেক। অধিকাংশ ক্ষেত্রেই ক্ষ্মার তাডনা। আদিম শিকারীরা বন্য জন্তুজানোয়ারের পালের পেছন পেছন বাস উঠিরে নিয়ে চলে যেত: বন্য জন্তজানোয়ার যেখানে, তারাও সেখানে যেত। কোন কোন কুলকে বাড়াবাড়ি রকমের জঙ্গী পড়শীদের হাত থেকে পালিয়ে প্রাণ বাঁচাতে হত। আবার কোন কোন সময় প্রিবী নিজেও জবিজন্ত ও মানুষের বাসভূমি ত্যাগের কারণ হত।

আমাদের এই গ্রহের ইতিহাস অনুসন্ধান করতে গিয়ে বিজ্ঞানীরা এমন বেশ কয়েকটি পর্বের সন্ধান পেয়েছেন যথন উষ্ণ জলবায়,র বদলে এসেছে শৈতা, তারপর আবার উঞ্চতা। কেন যে এমন ঘটেছিল বলা কঠিন। এটা ঘটে বিশেষ করে তথনই যথন ভূগভেরি ভেতরে প্রচন্ড শক্তি জেগে ওঠে। মারাত্মক মারাত্মক ভূমিকদেপ প্রতিবর্তীর মাটি টলমল করে। প্রথিবীর গায়ে ভাঁজ পড়তে থাকে। জেগে ওঠে নতুন নতুন পাহাড়পর্বত, ধ্যায়মান আগ্নেয়গিরি, আর পৃথিবী চৌচির হয়ে বেরোতে থাকে যত রকমের গভীর ফাটল — গিরিখাত। জাগ্রত আর্মেয়াগরিগালি বায়,মন্ডলে এত বেশি পরিমাণ ছাই ছ'ডে ফেলতে থাকে যে বাতাস আর দ্বচ্ছ রইল না। ঘন ভারী কালো কালো মেষের দল সূর্যকে বহু, কালের জন্য ঢেকে রেখে দেয়। ঠাণ্ডা নেমে আসে।

কোন কোন বিশেষজ্ঞ অবশ্য এমন কথাও বলেন যে





সমর সময় সূর্য নিজেই আর তেমন উত্জবল কিরণ দিত না, আমাদের প্রথিবীতে কম তাপ দিত। কারণ যাই হোক না কেন, ঠিক এই ধরনের পর্বগর্নালতেই প্রথিবীর উচ্চু উচ্চু জায়গায় হিমবাহ গড়ে উঠতে লাগল। সাগর-মহাসাগর থেকে জলীয় বাদপ ওপরে উঠে গিয়ে তুষার হয়ে ঝরে পড়ে শ্যামল উপত্যকাভূমিগর্নালকে ঘন তুষারস্ত্রপে ঢেকে দিল। পাহাড়ের হিমবাহ প্রের্ আর ভারী হতে থাকে, এদিকে সাগরের জল ক্মেই কমতে থাকে। সাগরের কোন কোন অগভীর অংশে তলা পর্যন্ত দেখা যেতে লাগল, পরে সেগ্রিল শ্রিকয়ে গিয়ে ডাঙা হল। প্রথিবীর এক অংশ থেকে অন্য অংশের ওপর গড়ে উঠল ডাঙার সেতু। অবশ্য সত্যি কথা বলতে গেলে কি প্থিবীতে স্বচেয়ে দীর্ঘকাল ধরে ভয়ত্বর শৈত্যপ্রবাহ চলেছিল মান্বের আবিভাবের বহুকাল আগে। তবে মান্বেও তার কবল থেকে একেবারে রহাই পায় নি।

হিমবাহগর্নাল তাদের নিজেদের ভারে পাহাড়ের চুড়ো থেকে সমভূমিতে গড়িয়ে নামতে থাকে। ঠাণ্ডার তাড়নায় তৃণভোজী পশ্পাল পালাতে থাকে, তাদের পেছন পেছন হিংস্র জন্তুজানোয়ার। সেই সঙ্গে মান্যও।


ডাঙার সেতু বয়ে দলে দলে জীবজন্থ এবং সেই সঙ্গে আদিম শিকারীরাও এশিয়া থেকে আমেরিকা মহাদেশে চলে আসতে সক্ষম হয়। দক্ষিণ-চীন সাগরের খালি তলদেশ আর সুন্দা দ্বীপপুঞ্জের ওপর দিয়ে অস্ট্রেলিয়ায় চলে যাবার কোন বাধাই ছিল না।

হাজার হাজার বছর ধরে চলল হিমযুগ। কিন্তু হাজার হাজার বছরও ত আর অনন্তকাল নয়! ধারে ধারে ভারা মেঘ সরে যেতে লাগল, সুর্য ফের উল্জান কিরণ দিতে শুরু করল। ফলে বরফ গলল, হিমবাহ সরে যেতে বাধ্য হল। বরফমুক্ত জমিগ্রালিতে আবার গাজিরে উঠল রসাল শ্যামল ঘাস, মাথা তুলে দাঁড়াল কচি গাছপালার বন। ঘন তৃণভূমিতে আগমন ঘটল ম্যামথ, লোমশ গণ্ডার, বড় বড় শিঙ্ওয়ালা হরিণ, ঘোড়া, কস্তুরীগাই — এই রকম বিশাল বিশাল জন্তুর। তাদের অনুসরণ করে শিকারীরাও ফের জায়গা বদল করল।

এদিকে স্থ আরও প্রথর হয়ে উঠল, দাবদাহ ছড়াতে লাগল। উত্তাল নদনদী সাগরে গিয়ে পড়তে লাগল। জল উঠে বন্যায় ভাসিয়ে দিল ডাঙার সেতু। যে সমস্ত মান্য পেছনে পড়ে ছিল তারা চিরকালের জন্য অন্যদের থেকে বিচ্ছিল হয়ে পড়ল।

এই ধরনের হিময্গ আর উষ্ণতার যুগ একাধিকবার আসে। প্রতিবারই ঠাণ্ডার ও ক্ষুধার তাড়নার, উষ্ণতার আশার জীবজন্তু ও মানুষেরা উত্তর গোলার্ধ থেকে দক্ষিণে ও দক্ষিণ গোলার্ধ থেকে উত্তরে সরে যায়। সর্বতিই গতি আর গতি — পশ্পোখি, মানুষ

সকলেই বাসবদল করে চলছে। অনেকেই এই স্থানান্তরের ধকল সহ্য করতে না পেরে মারা যায়। তবে অনেকে বে'চেও থাকে। আর প্রতিবারই এরকম বাসবদলের ফলে মান্বের জীবনে কিছু না কিছু ন্তনত্ব আসে।



মান্ত্ৰ কী ভাবে একসঙ্গে বসবাস করতে শিখল

শিকার একটা ভালো জীবিকা, তবে তার ওপর খ্ব একটা নির্ভার করা যায় না। আজ হয়ত একপাল হরিণ ধরা পড়ল, পর্যাদন — কিছুই না। অথচ থেতে ত হয় রোজই। তাহলে শিকারীর শ্রম কী ভাবে সহজসাধ্য করা যায়?

কোন এক সময় কেউ কুকুর পোষ মানাল। হয়ত সে কুকুর প্রথমে অস্কুষ্ বা আহত ছিল,
মান্ষ কর্ণাপরবশ হয়ে তাকে স্কু করে তুলল, পেট প্রে তাকে খাওয়াল। কুকুর নিয়ে শিকার
করা অনেক স্বিধার হল। কুকুর শিকার খংজে বার করে। মান্ষ পশ্ব শিকার করে। মাংস ও
ছাল নিজের জন্য রাখে, হাড় আর নাড়িভুড়ি দেয় তার চারপেয়ে সাহায্যকারীকে। কতই বা
দরকার তার?


মান্য অলপ অলপ করে অন্যান্য বন্য জন্তুকেও পোষ মানাতে লাগল। কাজটা খুব একটা সহজ ছিল না, খুব ভাড়াতাড়িও হল না। কিন্তু শেষ পর্যন্ত মানুষ পেল গৃহপালিত পশু।

কলমলে ও থাদাশস্য সংগ্রহের কাজও দেখতে দেখতে নারী ও শিশ্দের পক্ষে কঠিন হয়ে দাঁড়াল। বসতিতে খাওয়ার লোকজনের সংখ্যা ক্রমেই বাড়তে লাগল। সকলের জন্য যোগাড় করা কি সন্তব? নারীরা শেষকালে লক্ষ করল যে থাদাশস্যের বীজ যদি নদীর ধারের ভিজে পাঁলমাটিতে বোনা যায়, তাহলে ব্নো মাঠের তুলনায় গাছ আরও বড় ও মজবৃত হয়। ফসলের শীষ আরও বড় আকারের হয়, দানা আরও ভারী হয়। তাছাড়া সারা দিন ধরে একটা একটা করে দাীয় খলে খলে দানা বার করার হাদামাও পায়াতে হয় না। যেখানে বোনা হল সেখানেই ফসল ফলল। লোকে তাই বিশেষ উদ্দেশ্যে ফসলের বাজ পাঁকে প্রততে লাগল। এতে প্রথম লাভ হল এই যে ফসল আরও ভালো ফলে, দিতীয়ত পাখিরা খটে থেয়ে ফেলতে পারে না। এই ভাবে প্রথম থেতের আবিভাবি। কৃষিকাজের স্তেপাত।

পশ্পালন ও কৃষিকমের সঙ্গে সঙ্গে মান্য বেশ সচ্চল হয়ে পড়ল। কিন্তু তাতে গ্রন্থালি জটিলও হয়ে পড়ল: একে শিকার, তার ওপর পশ্পালন, ওদিকে আবার জমি চাষ করতে হয়, হাড়িকু'ড়ি বানাতে হয়, হাতিয়ারও তৈরি করতে হয়। একটা ছোট-খাটো পরিবারের পঞ্চে সব দিক সামলানো মুশকিল। মান্য ভাবতে শ্রে, করল, আছা, প্রতিবেশী কুলের সঙ্গে মিললে কেমন হয়?

আলাদা আলাদা কুল বা পরিবার এই ভাবে একসঙ্গে মিলে গোষ্ঠীবন্ধ হতে শ্রে করল। বড় বড় গোষ্ঠীবন্ধ হয়ে বাস করা অনেক নিরাপদ, আবার থানিকটা কঠিনও বটে। এ ধরনের গ্হেন্থালিতে কাজের বন্টন কী ভাবে হবে? — কে কী কাজ করবে? শিকার আর লাভের ব্যরা কী ভাবে হবে? — কে বেশি পাবে, কেই বা কম?

ঠিক হল সবচেয়ে বিজ্ঞ লোকদের নিয়ে গোষ্ঠীসভা তৈরি করা হবে। শিকার আর যুদ্ধের সময়ও পরিবারগর্ভাল যুথবদ্ধ হত, সাময়িক বন্ধনে আবদ্ধ হত। কিন্তু কুষিকমে দরকার হত স্থায়ী সহযোগিতার। নতুন খেতের জন্য জলাভূমি শুকোতে হলে, খাল কাটতে হলে অথবা বন্যা রোধের জন্য বাঁধ তৈরি করতে হলে সমবেত প্রয়াস অপরিহার্য।





ইতিহাসবিদরা বলেন যে উন্নতমানের সংস্কৃতিসম্পন্ন রাণ্ট্রগর্নালর প্রথম আবিভাবে ঘটে নদী অববাহিকায়। আগে কোথায়, বলা কঠিন। সম্ভবত মেসোপোটামিয়ার দক্ষিণ তংশে, তাইগ্রিস ও ইউফ্রেটাস নদীবিধোত নিন্নপ্রান্তরে। আবার এমনও হতে পারে যে ভারতের সিন্ধ, ও গাঙ্গেয় উপত্যকায় কিংবা জলপূর্ণ নীল নদের অববাহিকায়। অন্যান্য জারগার তুলনায় এখানে মান্য আগে চাষবাস করতে, বীজ ব্লতে, জাম জারণ করতে এবং থাল কেটে জামতে জলসেচের কাজ করতে শেখে। এই সমস্ত জায়গায়ই প্রথম খান থেকে ধাতু তুলে গলানো হয়, উন্টু উমারত বানানো হয়।


প্থিবীতে প্রাকৃতিক সম্পদ সমান অন্পাতে ভাগ করা নেই। যেনন ধর না কেন, কোন জনবসতিতে হয়ত অনেক খনি আছে, কিন্তু লবণ নেই। আবার অন্য জায়গায় তার উলটোটা। কোন পল্লীতে বা শহরে হয়ত অনেক স্মূদর স্মূদর কাপড় তৈরি হয়, আবার অন্যত্র হয় বাসনপত্র। তখন লোকে য়ায় কাছে যে জিনিস উদ্বত্ত আছে তাই দিয়ে নিজেদের মধ্যে বিনিময় শ্রে, করে দিল। পরস্পরের কাছে পণ্যদ্রব্য আনতে শ্রে, করল। বাণকদের আবির্ভাবে ঘটল। জন্ম হল বাণিজ্যের। দেখা গেল বাণকজাতটা মাথায় বেশ বৃদ্ধি রাখে। বায়া জানা রাস্তাঘাট ছেড়ে অচেনা পথে যাত্রা করার ঝ্রিক নিতে পারে তারা যে প্রচ্ব লাভ করে ফিরে আসে এটা ব্ঝতে তাদের বাকি রইল না। এই ভাবে শ্রে, হল প্রথম বাণিজ্যবাত্রা। তখনই মান্যকে জানতে হল কোথায় কী রকম লোকজনের বাস, কী সম্পদ তাদের আছে, কী তাদের অভাব, তাদের জিমই বা কেমন।

প্থিবীর প্রাচীন জনবর্সতিপূর্ণ অঞ্চলগ্রনির মধ্যে একটি ছিল ভূমধ্যসাগরীয় তীরভূমি। স্মরণাতীত কাল থেকে বহু, জাতের অসংখ্য মানুষ এখানে এসে ভিড় করে।

প্রিথবীর অত্যন্নত প্রাচীন সভ্যতাগ্মলের একটির — গ্রীক সংস্কৃতির উদ্ভব এখানেই। প্রাচীন গ্রীক দার্শনিক ও বিজ্ঞানীরা








জ্ঞানবিজ্ঞানের সমৃদ্ধ উত্তরাধিকার রেখে যান। প্রথম মানচিত্র রচয়িতার মধ্যে তাঁরা ছিলেন অন্যতম। ঐ সমস্ত মানচিত্রে তাঁরা প্থিবীর যে ছবি আঁকেন তাতে প্থিবীটা দেখতে ছিল একটা বড় দ্বীপের মতো, তার মাঝখানে সমৃদ্র। দ্বীপের চারপাশে বয়ে চলেছে আদি অন্তহীন মহাসাগরের উত্তাল প্রবাহ।

প্রাচীন গ্রীকেরা এরকম প্থিবী-দ্বীপের নাম দিয়েছিলেন 'ওইকুমেনাস', যার অর্থ হল 'জন অধ্যাষিত ভূমি'।

এশিয়া, ভারত, চীন ও রিটেনের কোন কোন অগুলও জনাকীর্ণ ছিল। কিন্তু ভূমধ্যসাগরীয় 'জনভূমির' সঙ্গে সেগালির ব্যবধান ছিল হাজার হাজার মাইলের পথ, পাহাড়পর্বত আর মর্ভুমি। কিছু কিছু দ্বঃসাহসী লোকজন কারাভান সাজিয়ে অথবা নড়বড়ে
জাহাজে চেপে পণ্যদ্রব্য নিয়ে দ্র দ্র দেশে যাত্রা করতে মনস্থ করল। যারা ওথানে
থাকার পর ফিরে আসতে পারত তারা সাগরপারের আশ্চর্য আশ্চর্য জিনিস ছাড়াও সঙ্গে
করে আনত আজব দেশ আর বিসময়কর লোকজন সন্পর্কে অচেল কাহিনী। শুমণকারীয়া
সোনা আর মণিমাণিকাের দেশ, সম্দিশালী ভারতের কথা বলেন, অসংখ্য ঘাড়ার পাল
আর মান্যের মাথার চেয়ে উচু ঘাসে ঢাকা সীমাহীন স্তেপ তৃণভূমির শকদের বর্ণনা
দেন। আর মহার্ঘ ধাতু থেকে কী অপ্রে অস্তই না বানাতে জানত মধ্য এশিয়ার হ্নরীয়া!
রোজ গলানাের জনা যে টিন পাথর এত অপরিহার্য তা কী প্রচুর পরিমাণেই না পাওয়া যায়
দ্রে রিটেনে!

সেই আমলের প্রতিটি ভ্রমণই ছিল এক একটি ঘটনা বিশেষ। দ্বঃসাহসী ভূপর্যটক-দের নাম ইতিহাসে থেকে যায়। তাঁদের দম্পর্কে কিংবদন্তী গড়ে ওঠে, তাঁদের নিয়ে গান বাঁধা হয়। তাঁদের পর্যটনের খ্টিনাটি বিবরণ বহুকাল ধরে লোকের মুখে মুখে ফিরতে থাকে। সাগরপারের দ্ব দ্ব দেখে অজ্ঞানা লোকজনের কাছে যাত্রার কাহিনী শোনার চেয়ে আর কিছ্বতেই মান্ষ বেশি আগ্রহ প্রকাশ করত না। হয়ত ঠিক এই সময়ই শ্রোভাদের মনে কিংবা কথকদের নিজেদের মনেই ব্বিবা প্রশ্ন জাগে: 'আমাদের এই প্রিথবীটা কেমন? কিসের মতো? তার শেষই বা কোথায়? কী আছে তার শেষে?'











লোকে যত বেশি প্থিবী পর্যটন করতে লাগল ততই তাদের মাথায় এই চিন্তা এসে ভর করল: 'প্থিবীটা দেখতে কেমন, কী রকম তার আকার?' বিজ্ঞানীদের মতে, এই নিয়ে সর্বপ্রথম মাথা ঘামান তিয়ান-সিয়া দেশের মহাজ্ঞানীরা। তিয়ান-সিয়া অর্থ হল 'প্রগাঁর সাম্রাজ্য'। তোমরা বোধহয় সঙ্গে সঙ্গে আলাজ করতে পেরেছ যে এটা চীনদেশ — প্থিবীর প্রাচীনতম রাজ্যগর্নালর একটি। চীনের অবিসংবাদিত সর্বোচ্চ শাসনকর্তা ছিলেন সম্রাট। সময় সময় নিজেদের রাজ্যের সঠিক সীমানা বার করার কথা একেকজন নতুন নতুন সম্রাটের মাথায় আসে। এই উদ্দেশ্যে রাজধানী থেকে রাজপ্রেবেরা নানা দিকে চলে যেতেন।

তাঁদের মধ্যে কেউ কেউ যেতেন দিব্যি আরামের চক্রয়ানে। এই ধরনের প্রত্যেকটি শকটের মধ্যে থাকত একটা রহস্যজনক যক্ত, যার কাঁটা সবসময় নির্দেশ করত একই দিক। এই যক্ত সঙ্গে থাকলে পথ ভুল করার কোন সম্ভাবনা নেই। চীনেরা এর নাম দিয়েছিল 'দক্ষিণ দিগুদেশনি'।

প্রাচীন রহস্যজনক যদ্যটি আমাদের কালেও টিকে আছে।
আজ সকলে এটাকে বলে থাকে কম্পাস, সকলেই জানে এর
রহস্য। এর মধ্যে একটুকু জটিলতা নেই — সাধারণ একটা
ছোট্ট বাক্স, তার মধ্যে পিনের ওপর বসানো একটা চৌম্বক
কাঁটা। কাঁটার নীল দিকটা দেখায় দক্ষিণ, লালটা — উত্তর।

এই রাজপ্রেষ মান্দারিনদের নিয়ে শকট স্দীর্ঘকাল ধরে তৃণভূমি আর মর্ভূমির ওপর দিয়ে চলত। কিন্তু সমাটের দ্তেরা যে দিকেই যান সর্বশ্বই দেখতে পান সবসময় সন্ধ্যাকাশে তারাগর্দাল পরে থেকে পশ্চিমে চলেছে। 'এমনটি হয় কেন?' তাঁরা ভাবলেন। নিজেদের এই প্রশেনর উত্তর তাঁরা কোনমতেই খ্রেজ পেলেন না।


আরেকদল রাজপরেষ চলে যান পার্বতাপ্রদেশে। সর,
পাহাড়ী পথে গাড়ি চেপে যাওয়া সম্ভব নয়। তাই ভৃতারা
তাঁদের বয়ে নিয়ে ষেত ডুলিতে। রাজপরেবেরা গ্রেমাট ডুলির
ভেতরে ঝাঁকুনি খেতে খেতে অবাক হয়ে ভাবতেন: 'আচ্ছা,
এই স্বগাঁর সাম্লাজ্যের একটা অংশ কেন এমন? — এত উচ্











তার ধারগালো চারকোণা করে কাটা। এই সরা-পিঠে প্রথিবার প্রতিটি ধারে আকাশের সঙ্গে ঠেক দিরে দাঁড়িয়ে আছে একটি করে উণ্টু উণ্টু থাম। একটি থাম উন্তরে, আরেকটি পারে, একটি দক্ষিণে, অন্যটি পশ্চিমে। ভূমণ্ডলের যতগালি দিক ঠিক ততগালিই থাম।

ব্যাখ্যাটা বেশ বিশ্বাসযোগ্য মনে হল, সকলে এতে খর্নশিও হল। চীনেরা তাদের দেশ নিয়ে পাঁচশ বই লিখে ফেলল। সবগর্নল প্রদেশের, এমন কি তার ওধারেও যা ছিল সেগর্নলর বর্ণনা দিয়ে পাঁচশটি মোটা মোটা কাগজের পাকানো পর্মাথ।

কিন্তু এক সময় বড় রকমের যুদ্ধের পর সিংহাসনে অধিষ্ঠিত হলেন এমন এক সম্রাট ধিনি ড্রাগনের মতো খল, মুর্খও, আর সেই কারণে আরও খল প্রকৃতির। পর্নাথ পড়ে তিনি জানতে পারলেন যে স্বগাঁর সাম্রাজ্যের সীমানার বাইরেও লোকজন বাস করে, আর স্বচেয়ে আপত্তিকর কথা এই যে তারা চীনেদের চেয়ে





কোন অংশে খারাপ নয়। সমাট তৎক্ষণাৎ হৃকুম দিলেন যে-সমন্ত প্রথিতে ভিনদেশের বর্ণনা আছে সেগালি প্রভিয়ে ফেলে দিয়ে চীনেদের সবাইকে যেন এটাই ভালো করে ব্রিকয়ে দেওয়া হয় যে তাদের দেশের সীমানার বাইরে আকর্ষণীয় বলে জগতে কিছু নেই, থাকতে পারে না। শৃর্ম, তাই নয়, খল সমাট চীনের নাম পর্যন্ত বদল করে রাখলেন 'জৢন্-হয়া-গো,' যার অর্থ 'বিকশিত মধ্য সামাজ্য।' তখন থেকে চীনেরা তাদের দেশকে ঐ নামেই উল্লেখ করত, যদিও তার বিকাশ ও সোরভ অতটা মৃশ্ব হওয়ার মতো ছিল না।

রাজপ্রব্রেরা থাঁকে 'দেবনন্দন' আখ্যা দিয়েছিলেন সেই সমাটের প্রজারা থাতে দেশের সীমানার বাইরে নাক গলানোর কথা ভাবতেও না পারে সেদিকে তাঁরা কড়া নজর রাখলেন। তাই তাঁরা আরও একটি নাম দিলেন চীনের— 'সি হাই', অর্থাৎ 'চার সাগর'। রাজপ্রব্রেরা এটাই বোঝানোর চেন্টা করলেন যে চীনই হল প্রথিবী। এর বাইরে আর কিছুই নেই। এর চারদিক ঘিরে আছে উন্তাল সম্দ্র। সেই সব সম্দ্রে কিলবিল করছে বিশাল বিশাল মাছ আর ভরত্বর সমস্ত ড্রাগন। অনেকেই একথা বিশ্বাস করে ঘরে বসে থাকত।

অনেকে বিশ্বাস করত বটে, কিন্তু সবাই নয়। দরে দরে দেশে প্রাচীনকালের চীনেদের ভ্রমণবৃত্তান্ত ও বিবরণ আজও সংরক্ষিত আছে।

চৈনিক পরিব্রাজকেরা মধ্য এশিয়ার অপরিচিত দেশেও ভ্রমণ করেন, সেখানেও সংস্কৃতিবান জাতিরা বাস করে দেখে তাঁরা অবাক হয়ে বান। তাঁরা দেখতে পান সেখানেও লোকে জমি চাষ করছে, নানা রকম হাতিয়ার, বাসন, অলঙ্কার তৈরি করছে। চীনেরা তাদের নিজেদের পণ্যদ্রব্য পশ্চিমের দরে দরে দেশে নিয়ে বিক্রি করছে। কিন্তু বিক্রি করার মতো জিনিসপত্র এখানকার অধিবাসীদের কাছেও আছে। তাদের তৈরি অনেক পণাদ্রব্যই চীনা পণাদ্রব্যের তুলনার কোন অংশে খারাপ নয়।

আর যারা পাহাড়পর্বত ডিঙিয়ে দক্ষিণে এসে পড়ল তারা দেখতে পেল অলোকসামান্য জ্ঞানসাধক ও দার্শনিকদের বাসভূমি, এক আশ্চর্য দেশ — ভারতবর্ষ।





প্রাচীন ভারত এই আখ্যা অকারণে পায় নি। সেই স্প্রাচীন
কালে যথন তার চারপাশের দেশগৃনলিতে সবে সভ্যতার স্কুপাত
হতে চলেছে, তখনই এখানে, স্নাল-শ্যামল ভারত মহাসাগরের
ক্কে প্রসারিত জিহ্বা আকৃতির এই বিশাল উপমহাদেশে জ্ঞানী
লোকের সংখ্যা নেহাং কম ছিল না। ভারতবর্ষ অনেকগৃনলি ছোট
ছোট রাজ্যে বিভক্ত ছিল। এই রাজ্যগৃন্লির মধ্যে অনবরত ফ্রন্ধবিগ্রহ লেগেই থাকত। প্রত্যেক রাজার রাজসভায় সভাপাশ্ডত
ও জ্ঞানীগৃণীদের স্থান ছিল। সকলেই তাঁদের গভীর শ্রদ্ধা করত।

এদের মধ্যে গণিতজ্ঞ জ্যোতির্বিদ ও ভিষকরা থাকতেন, আর থাকতেন স্রেফ যারা জ্ঞানের উপাসক, শাস্ত্রজ্ঞ — দার্শনিকরা, যাঁরা দ্বজ্ঞেয় তত্তাদির আলোচনা করতেন। তাঁদের বলা হত 'মহাজ্ঞানী'।

এ'দের কল্পনার আমাদের প্থিবীটা দেখতে কেমন ছিল?
দেখা বাচ্ছে এ ব্যাপারে তাঁদের নিজেদের মধ্যে মতভেদ ছিল।
তবে তাঁদের অধিকাংশই এই মত পোষণ করতেন বে প্রিথবী
চেপ্টা। চীনেদের 'সরা-পিঠের' মতো অতটা চেপ্টা অবশা নয়,
অনেকটা বিশাল আকারের এক চেপ্টা থালার মতো। থালার
ঠিক মাঝখানে আছে মের্পর্বত। পর্বতের চারপাশে ঘ্রছে চল্দ্র,
স্ব্ আর তারা। এই পর্যন্ত, কিন্তু তার পরই তত্তুজ্ঞানীদের মধ্যে
শ্রু হয়ে গেল মতভেদ।









একদল বললেন গোটা স্থলভাগ চারটি মহাদ্বীপে বিভক্ত,
আর সেগ,লিকে মের,পর্বত ও পরস্পরের কাছ থেকে
বিচ্ছিন্ন করে রেখেছে মহাসাগর। প্রতিটি মহাদ্বীপের
নাম হরেছে সেখানকার উপকূলভাগের একেকটি বিশাল
বিশাল বৃক্ষের নামে। তবে মন,যাজাতির বাস একমার্র
দক্ষিণের এই মহাদ্বীপে, জন্ব,ফলব্কের নামে যার নাম
হয়েছে জন্ব,দ্বীপ।

আরেকদল কিন্তু এটা মেনে নিলেন না। তাঁদের মতে, জন্বদ্বীপ মের,পর্বতের উর্ছু চ্ডার চারপাশে একটা বলর বা মন্ডলের মতো। লবণের সাগর এই মহাদ্বীপকে পরের মহাদ্বীপ থেকে বিচ্ছিল করে রেখেছে। সেটাও বলরাকার। তবে তার বহির,পকৃল বিধোত করছে যে সাগর তার জল লবণের নয়, ইক্ষ্রসের। মহাজ্ঞানীরা তাঁদের প্থিবীর এই র,পকল্পনায় সাতিটি মহাদ্বীপ বলয়ের উল্লেখ করেছেন। সাতিটির প্রতিটিই বিভিন্ন উপাদানে তৈরি সাগর দিয়ে পরস্পরের কাছ থেকে বিচ্ছিল। এই ভাবে ইক্ষ্মাগরের পর আছে স্রাসাগর, তারপর সাপিও (ঘৃত), দিধ, দৃষ্ণ এবং অবশেষে জল। এইবার? প্রথবীর এহেন জমকাল চিত্রকল্পনার বির,কে কারই বা কী বলার সাধ্য আছে?

কিন্তু তা সত্ত্বেও মতপার্থক্য দেখা দিল। কেউ কেউ জোর দিয়ে বলতে লাগলেন যে প্রথিবী একটা প্রস্ফুটিত






কমলের মতো। স্বচেয়ে বড় বড় চারটি দল — চার
মহাদ্বীপ। গর্ভকেশর আর প্রংকেশর — ভারতের প্রধান
দ্বই নদনদী সিন্ধ ও গঙ্গার উপত্যকার চারপাশে
পাহাড়পর্বত। কূলকিনারাহীন সাগরে এই কমলের বৃদ্ধি,
সাগরের তলদেশে তার মৃণাল গাঁখা।

এই চিত্রেও কিন্তু সকলে সন্তুন্ট হতে পারলেন না। যাঁরা মানতে পারলেন না তাঁরা প্রথিবীকে কম্পনা করলেন আরেক রুপে। তাঁদের কম্পনার বিশাল দ্বাসাগরে ভাসছে এক দৈত্যাকার কুর্ম। কুর্মা অর্থাৎ কচ্ছপের থোলের চেয়ে শক্ত জগতে আর কী হতে পারে? কচ্ছপের পিঠের ওপর দাঁড়িয়ে আছে চারটি হস্তা। জগতে তাদের চেয়ে বলবান আর কে? হাতিরা শুড় উচিয়ে প্রথিবীর চারদিকে মুখ করে আছে। আর তাদের মহাশক্তিমান পিঠের ওপর ধারণ করে রয়েছে প্রথিবী — চেপ্টা, গোল তার আকার।

আশ্চর্য সমস্ত রূপ কল্পনা করেছিলেন প্রাচীন ভারতের জ্ঞানসাধক আর মনীধীরা!







স্বকীয়তার অধিকারী ছিল ফিনিশীর জাতি। তাদের বাসভূমিও ছিল এক অসাধারণ দেশ। কেননা সাঁতা কথা বলতে গেলে কি ফিনিশিআ নামে কোন ভূখণ্ড কিসমনকালে ছিল না। ভূমধাসাগর আর উ'চু পর্ব তল্রেণীর মধ্যে চাপা প্রে উপকূলের চিলতে সমতলভূমিকে আসলে প্রাচীন গ্রীকেরা এই নাম দিয়েছিল। আজ সেখানে লেবানন। ফিনিশীয় নগরগ্রালর ভৌগোলিক অবস্থান বেশ ভালো ছিল। বাণিজ্যের পসরা নিয়ে অসংখা কারাভান মেসোপোটামিয়া ও নীলনদের অববাহিকায় যেত, ভূমধাসাগরের স্ননীল তরক্ষবিধোত সমস্ত দেশে ফিনিশীয়দের জাহাজ যাতা করত।

শতাবদীর পর শতাবদী ধরে উপকৃলভাগগ্রনিতে ফিনিশীয় উপনিবেশ তথা বাণিজ্যকেন্দ্র ও বন্দরপল্লীর সংখ্যা বৃদ্ধি পেতে লাগল। ঐ সমস্ত কেন্দ্রের কতকগ্রনি বৃদ্ধি পেতে পেতে পরিণত হল ন্বাধীন, শক্তিশালী প্রবল পরাদ্রান্ত রাণ্ট্রে। এই প্রসঙ্গে কার্থেজের নাম করা যেতে পারে।

ফিনিশীয় নগরগর্নিতে পশম রঙ করার জন্য এক ধরনের আশ্চর্য ঘন লাল রঞ্জক বানানো হত। সেই পশম দিয়ে সবচেয়ে ধনী ও সম্প্রান্ত লোকদের পোশাক বোনা হত। এছাড়াও এখানে ধাতু গালাই ও ঢালাই করা হত, ধাতু মুদ্রাক্তনের কাজ হত, কাচের তৈজসপত্র ও অলঞ্চার তৈরি হত। আরু কী সব জাহাজই না ফিনিশীয়রা বানাতে পারত! তাদের চেয়ে ভালো জাহাজ সেকালে আর কেউ গড়তে পারত না। জাহাজ তৈরির কারিগররা প্রকাণ্ড প্রকাণ্ড







শ্বদেশের উপকূল দেখা যাবে। ফিনিশীররাও এর ব্যতিক্রম ছিল না। কিন্তু এই রকম অপেক্ষার মৃহ্তে তারা কী দেখতে পার সেটাই লক্ষ করার মতো: সম্দ্রের গভীরতা থেকে সবসময় দ্রে থেকে প্রথমে কেন যেন চোথে পড়ে শ্বদেশের পাহাড়পর্ব তের সর্বোচ্চ শীর্ষ গর্নেল। জাহাজ আরও থানিকটা কাছে এগিয়ে এলে দেখা যায় অপেক্ষাকৃত নীচু পাহাড়গর্নল। তারও পরে তীরভূমির একেবারে কাছাকাছি আসামাত্র শহরের ঘরবাড়িগর্নলও যেন শ্বেকের মতো ভূস করে সাগরগর্ভ থেকে জেগে উঠল।

'এমন কেন হয়?' নাবিকেরা অবাক হয়ে ভাবে। 'পৃথিবী যদি চেপ্টাই হবে তাহলে ত তার ওপরকার সর্বাকছ, সঙ্গে সঙ্গে চোখে পড়ার কথা? যারা বলে পৃথিবী একটা সরা-পিঠের মতো তারা ভূল করছেন না ত? অর্থেক আপেলের সঙ্গেই এর বেশি মিল দেখা যাচ্ছে নাকি? পৃথিবীর পিঠকে যদি বাঁকা বলে কল্পনা করা যায়, তাহলে বোঝা যাবে সম্দের ভেতর থেকে কেন আগে জেগে ওঠে পাহাড়ের মাথা, কেনই বা জাহাজের ডেক থেকে যতটা দেখা যায় মান্তুলের মাথা থেকে তার চেয়েও বেশি দ্বে দেখা যায়।'

ফিনিশীর সম্দ্র-অভিযাত্রীরা তাই এই সিদ্ধান্তে এলো বে প্থিবীর পিঠটা বাঁকা — জলস্দ্ধ থালার ওপর রাখা অর্ধেক আপেল বা কমলালেবরে মতো দেখতে। জল হল সাগর, আর থালার কানার ওপর ঠেক দিয়ে আছে নীলরঙের বিশাল এক ওল্টানো গামলা — গগন।

প্রথিবার অমুত রূপকল্পনা বটে, তাই না?












আজ এই প্রদেনর সঠিক উত্তর দেওয়া বোধহয় কারও পক্ষেই সম্ভব নয়। সেই স্প্রোচীন আমলে প্রতিটি উন্নত রাজ্যে তাদের নিজন্ব জ্ঞানী-গ্লেণী ব্যক্তিরা ছিলেন, আর তাঁদের অনেকের মাথায়ই নানা কারণে এই চিন্তা খেলে। যেমন প্রাচীন গ্রীসের মনীন্ত্রী পিথাগোরাস মনে করতেন যে গোলক হল সর্বোত্তম জ্যামিতিক আকার। আর প্রথিবী যদি মহাবিশ্বের কেন্দ্র হয়, তাহলে এছাড়া অন্য কি আকৃতিই বা তার হতে পারে? অনেক পণ্ডিডই পিথাগোরাসের সঙ্গে একমত হলেন। কিন্তু এটা কী ভাবে প্রমাণ করা যায়? কী ভাবে দৃন্টান্ত দিয়ে, বর্ণনা দিয়ে এটা বোঝানো যায় যাতে কারও মনে কোন সন্দেহের অবকাশ না থাকে? এ কাজে সকল হলেন প্রাচীন গ্রীক দার্শনিক আরিস্টটল। অ্যারিস্টট্ল পরম পশ্ডিত ছিলেন। জ্ঞান-বিজ্ঞানের বহু, শাখায় তাঁর জ্ঞাধকার ছিল। বিখ্যাত সেনানায়ক মহাবীর আলেকজান্ডারের গরে ছিলেন তিনি। সেকালে এথেন্সে যে জগদ্বিখ্যাত দার্শনিক ধারার উদ্ভব ঘটে তিনিই তার প্রতিষ্ঠাতা। জ্যারিস্টট্রের যশ এতদরে ছডিয়ে পডে যে সঙ্গে সঙ্গে তাঁর বহু, শিষ্য জ্বটে যায়। এমন কি আলেকজান্ডার মহা সেনানায়ক হওয়ার পরও তাঁর গ্রেকে কখনও বিস্মৃত হন নি। বিভিন্ন দেশ থেকে তিনি গুরুকে পর লিখতেন, ভিনদেশ रथरक नाना मुम्र्रीला वस्तु छ छारक भाष्ठारछन।

খাঁটি পশ্ডিতেরা সচরাচর যেমন হরে থাকেন অ্যারিস্টেট্লেরও তেমনি জানার আগ্রহ ছিল প্রবল। জ্ঞান এমনই সম্পদ যে তা সগুয় করার মধ্যে কারও লজ্জার কোন কারণ নেই!

সেকালে মান্ব যে সমস্ত জিনিস পর্যবেক্ষণ করে
সেগন্লির মধ্যে চন্দ্রগ্রহণের রহস্যও ছিল অমীমাংসিত।
চন্দ্রগ্রহণ কী থেকে হয়? কেউই ব্যাখ্যা করতে পারত না।
একদলের ধারণা, দৃষ্ট দানবেরা চাঁদের রুপোলি আলো
থেকে সকলকে বিশ্বিত করার উদ্দেশ্যে আকাশ থেকে চাঁদকে
লুকিয়ে ফেলে। আরেক দলের দৃঢ়বিশ্বাস, চন্দ্রগ্রহণ








আমঙ্গলের প্রতিষ স্চনা করে — এর ফল হরত বা ষ্দ্রবিগ্রহ, আর সেই সঙ্গে দ্রভিক্ষি অথবা মহামারী। এমন কি এরকম লোকজনও ছিল যারা চত্দিকে রাষ্ট্র করে দিত যে গ্রহণের ফলে বার, বিষাক্ত হয়ে যায়, লোকে শ্বাসবন্ধ হয়ে মারা পড়ে। সরলবিশ্বাসী লোকেরা এই প্রতারণার পাল্লায় পড়ে ভূগভ-কুঠুরিতে ল্বিক্রে থাকত। তারা মাটির প্রলেপ দিয়ে ফাকফোকর বন্ধ করত, জানলায় কোন ফাক রাখত না।

আ্যারিস্টট্ল ভীর্ ছিলেন না। তিনি একাধিকবার গ্রহণ পর্যবেক্ষণ করে দেখেছেন, তাঁর কিছ্ই ঘটে নি। পর্যবেক্ষণের পর তিনি এই সিদ্ধান্তে এলেন যে চাঁদের একপাশের কালো বিন্দ্রটা আর কিছ্ই নয় — প্থিবী যখন চাঁদ আর স্বর্ধের মাঝখানে আসে তখন প্থিবী চাঁদের ওপর যে ছায়া ফেলে, তাই। কিন্তু এই ছায়া সবসময়ই গোলাকার হয় কেন?

আ্যারিস্টট্ল একটা চেপ্টা সরা-পিঠে স্থের আলোয় বার করে আনলেন। সরা-পিঠেটা একভাবে রাখলে ছায়া হয় গোলাকার, অন্য ভাবে রাখলে হয় একটা ভালের মতো সর্। তার মানে, প্থিবী চেপ্টা সরা-পিঠের আকারের হতে পারে না।

আধখানা কমলালেব, নিয়ে সেটাও তিনি স্বের আলোর সামনে ধরলেন। স্বের কিরণ বখন কাটা গোল অংশে বা গোলাকার পিঠটার ওপর পড়ে একমাত্র তথনই আধখানা কমলালেব,র ছারা হয়









ব্ত্তাকার। কমলালেব্র আধথানাকে স্থেরি দিকে কাত করে ঘোরানোমাতই কিন্তু ছায়া অর্ধবৃত্ত আকার ধারণ করে।


একমাত্র গোটা আপেল বা গোটা কমলালেব্র ছারা সর্বদাই ব্তাকার হবে, তা সে কমলালেব্ বা আপেলকে যতই এদিক-ওদিক ঘোরাও না কেন।

'তাহলে আমাদের পৃথিবীর আকারও নিশ্চয়ই গোলকের মতো!' এই বলে আরিস্টট্ল তাঁর শিষ্যদের দেখালেন কী ভাবে তিনি এ সিদ্ধান্তে এসেছেন। শিষ্যরা চোখ বড় বড় করে তাদের গ্রের দিকে তাকাল, সকলের তাক লেগে গেল তাঁর পাণ্ডিত্যে। তবে দ্বেশিধ্য রয়ে গেল একটা জিনিস — ভূগোলকের বিপরীত অংশে, নীচেকার অপরার্ধে তাহলে লোকে বাস করে কী ভাবে? মাথা নীচের দিকে করে তারা চলাফেরা করে কী ভাবে আর পড়েই বা না কেন?

এই প্রশ্নের কোন প্রত্যয়জনক উত্তর কিন্তু শ্বয়ং আর্থিসটট্লও দিতে পারলেন না।
তথনও ত আর কারও জানা ছিল না যে মাধ্যাকর্ষণ শক্তি প্রথিবীর পিঠে কেবল লোকজন,
পাহাড়পর্বতি, ব্যাড়িঘর, নদনদী আর সাগর মহাসাগরকেই ধরে রাখে না, বায়্মণ্ডলকেও
ধরে রাখে।

আ্যারিস্টট্লও এটা জানতেন না। তাই স্বরং আ্যারিস্টট্ল তাঁর শিষারা ও অন্গামীরা এই সিদ্ধান্তে এলেন যে প্থিবীর দক্ষিণ গোলাধে আসলে কোন প্রাণীর বসতি নেই। যদিও প্রাচীনকালের কোন কোন পশ্ডিত দক্ষিণ গোলাধে প্রতিপাদী প্রাণীদের বাস আছে বলে এর আগেই মত পোষণ করতেন।





আলেকজান্দ্রিয়া





মহাবীর আলেকজাণ্ডার তাঁর সৈনাসামন্ত নিয়ে অর্ধেক পৃথিবী পরিক্রমা করেন। মিশরে, নীলনদের একটি শাখার তাঁরে, বাণিজাপথসম্হের কর্মবান্ত সংযোগস্থলে তিনি এক নগর প্রতিষ্ঠার আদেশ দেন। নগরের নাম হয় আলেকজান্দ্রিয়া। বছরের পর বছর পার হয়ে গেল। নির্বাচিত জায়গাটা লোকের ভালোই লাগল, আর সেখানে বসবাস করতে ইচ্ছুক এমন লোকজনেরও অভাব ঘটল না। শহর তাই ক্রমাগত বৃদ্ধি পেয়ে চলল। নবাগতরা শহরের চওড়া চওড়া রাস্তাঘাট আর কাঁচা ইটের তৈরি বহন্তলা দালানকোঠা দেখে অবাক হয়ে যেত। কিন্তু আলেকজান্দ্রিয়ার সত্যিকারের বিসমর ছিল তার মিউজিয়ম ও গ্রন্থাগার। মিউজিয়ম অর্থাৎ কাব্য, কলা ও জ্ঞানের অধিষ্ঠানী

মিউজদেবীদের মন্দির আসলে ছিল বিশ্বের প্রথম বিশ্ববিদ্যালয় অথবা বিজ্ঞান আকাদমি। তাবং বিশ্বের জ্ঞানসাধক, কবি ও দার্শনিকরা মিউজিয়মে বাস করতেন, কাজ করতেন। তাঁরা আগ্রহী লোকজনের জন্য ভাষণ দিতেন, নানা রকম পরীক্ষা-নিরীক্ষা করতেন, অভিযান চালাতেন, লিখতেন লম্বা লম্বা কাগজে পাকানো পর্যথ — এই কাগজে পাকানো পর্থিগর্বলি আবার মোটা চামড়ার খাপে পর্রে রাখা হত। এই খাপগর্বল রাখা হত সংরক্ষণাগারে, যার নাম ছিল গ্রন্থাগার। কালে এখানে কয়েক লক্ষ হাতে লেখা পর্যথ জমা হয়।

খ্যীষ্টপূর্ব তৃতীয় শতাব্দীতে এরাতোন্থেনাস নামে এক ভৌগোলিক ও জ্যোতিবিদ মিউজিরমে বাস করতেন। তিনি ছিলেন আলেকজান্দ্রিরার গ্রন্থাগারের আদি গ্রন্থাগারিকদের একজন। এরাতোন্থেনাসের খ্যাতির বিশেষ কারণ ছিল এই যে সেই সময়কার বিদিত সমস্ত দেশের









ভৌগোলিক বিবরণ লেখা ছাড়াও তিনি ভূগোলকের আয়তন পরিমাপ করেন। ঘটনাটা ঘটে এই ভাবে...

সিয়েনে (মিশরীর শহর স্ন্, বর্তমান আস্রানের প্রচৌন গ্রীক নাম) থেকে আগত বাণকদের মুখে তিনি শুনতে পেলেন যে সুযেরি উত্তরারণের দিনে — বছরের দীর্ঘতম দিনে — মধ্যান্টে স্বর্থের কিরণ শহরের গভীরতম কুপের তলদেশের জল পর্যন্ত আলোকিত করে। তাহলে দাঁড়াচ্ছে এই যে স্থৈর কিরণ ঠিক খাড়া হয়ে পড়ে। এরাত্যেন্ছেনাস জানতেন যে সিয়েনে থেকে আলেকজান্দ্রিয়ার দক্ষিণ থেকে উত্তরে দরেম্ব পাঁচ হাজার স্তাদিয়া (এক স্তাদিয়া হল ১৮৫-২৫ মিটার)। এই দুরত্ব পরিমাপ করে কারাভানের দলপতিরা। কিন্তু আলেকজান্দ্রিয়ায় ঐ দিনই স্বৈকিরণ খাড়া হয়ে না পড়ে পড়ছে কাত হয়ে। স্থাকিরণের এই নতির ফলে যে-কোণ স্ভিট হচ্ছে তা একটি পূর্ণব্রে আবদ্ধ কোণের পঞ্চাশ ভাগের এক ভাগ। এরাতোন্থেনাস এবারে স্পন্ট ব্রুতে পারলেন যে দ্বই শহরের মধ্যকার দ্রেছ হল ভূগোলকের মোট পরিষির পঞ্চাশ ভাগের এক ভাগ। পাঁচ হাজার ন্তাদিয়াকে পণ্ডাশ দিয়ে গ্র্ণ করে এরাভোক্টেনাস পেলেন ২ লক্ষ ৫০ হাজার স্তাদিয়া অর্থাৎ আনুমানিক ৪২-৪৩ হাজার কিলোমিটার। প্রথিবীর উত্তর ও দক্ষিণ মের, বরাবর ব্তের মোট পরিধি বর্তমান কালের বিজ্ঞানীদের হিসাবমতে ৩৯,৯৪০ কিলোমিটার। তাহলেই দেখা যাচ্ছে এক্ষেত্রে এরাতোন্থেনাসের ভুল ছিল নগণ্য। এরাতোক্তেনাসের রচনার সামান্য কিছ, অংশই রক্ষা পেয়েছে।

তাঁর রচনা সম্পর্কে আমরা বেশি জানতে পারি পরবতাঁকালের অন্যান্য

প্রত্থিকারদের লেখা থেকে।


আর সব প্রাচীন গ্রীক দার্শনিকের মতো এরাতোন্থেনাসও প্রধান মনোযোগ আকর্ষণ করেন ভূমধাসাগরীয় ভূখণেডর প্রতি। তাঁদের মতে, এই ভূখণ্ডটি মহাসাগর বেণ্টিত এক বিশাল দ্বীপ, প্রিবীর উত্তর গোলার্যে নাতিশীতোক জলবায়, অগুলে এর অবস্থান। তাঁদের সাধারণ বিশ্বাস ছিল এই যে গ্রীষ্মপ্রধান অগুলটি গ্রীষ্মের ভয়ন্কর আধিপতা হেতু বসবাসের অযোগ্য। দক্ষিণ গোলার্থের নাতিশীতোক অগুল সম্পর্কে অবশ্য প্রাচীন পশ্চিতেরা বলেছেন যে সেখানে প্রতিপাদী অধিবাসীদের বস্তি থাকলেও থাকতে পারে।

গ্রীকদের বিবরণ অনুযায়ী তাঁদের 'দ্বীপ-ভূখণ্ডের' বহিঃরেখা রঙবেরঙের আরতক্ষেত্রাকার কাপড়ের টুকরোয় তৈরি এক ধরনের গ্রীক আঙরাখার মতো। এছাড়া দার্শনিকরা স্থলভাগকে ইউরোপ এশিয়া ও লিবিয়া — এই তিনটি অংশে ভাগ করেন। এদিকে রোমকরা লিবিয়া দেশে বসবাসকারী প্রবল পরাক্রান্ত আফ্রিগিয়া গোষ্ঠীর নাম অনুযায়ী লিবি-য়ার নাম বদল করে রাখলেন আফ্রিকা।

প্থিবীর বিচ্ছিন্ন ভূথতগন্তির মাঝখানের জলভাগ দিয়ে জাহাজ চালানোর সময় নাবিকেরা দিক ঠিক রাখত কী ভাবে? স্পত্টই বোঝা বাচ্ছে লোকে স্তাদিয়া বা দিনের হিসাবে প্থক প্থক জায়গাগ্লির মধ্যকার দ্রেছ সম্পর্কে তথ্যাদি জানত, একে অনাকে জানাতও। গতিপথ আরও সহজসাধ্য এবং পথ আরও নিশ্চিত করার উদ্দেশ্যে গ্রীক ভৌগোলিকেরা ভ্রমণকারীদের স্প্রিচিত জায়গাগ্লির উপর দিয়ে কতকগ্লি লম্বালম্বি রেখা টানে। সেই রেখাগ্লির একটি — মধ্যক্ষ্দা—







শ্রে হরেছে হার্রাকউলিস ন্তম্ভ (জিব্রাল্টার প্রণালী) থেকে, তারপর ভূমধ্যসাগরের ওপর দিয়ে, মেসিনা প্রণালী ও পেলোপ্যানিসাসের দক্ষিণপ্রান্ত ভাগ হরে চলে গেছে রোজ্স দ্বীপের দিকে, আরও দ্বের বিস্তৃত হয়েছে এশিয়া মাইনর পর্বতিশ্রেণীর দক্ষিণ পাদদেশ বরাবর। মধ্যক্ষদা বিষ্বেরেখার সমান্তরালে গিয়ে প্রথিবীকে দ্বই অংশে ভাগ করেছে। দক্ষিণে নীলনদের উপত্যকায় মেরোয়ে (ন্বিয়া, বর্তমানে স্বানের একটি অংশ) রাজ্য থেকে শ্রের্ করে আরেকটি রেখা এই মধ্যক্ষদাকে ছেদ করেছে। রাজ্যের রাজধানী থেকে এই রেখা নীলনদের ওপর দিয়ে উত্তরে চলে গেছে আলেকজান্দ্রিয়া অর্বাধ, তারপর রোজ্স দ্বীপ আর বাইজানটাইমের ভেতর দিয়ে বস্ফরাস বা নীপারের ম্থে। এই রেখাগ্রনি মার্নাচিয় তৈরির কাজ অনেকাংশে সহজসাধ্য করে তোলে।


তারপর এই দুই রেখার সমান্তরাল আরও নতুন নতুন রেখা প্রাচীন জগতের অন্যান্য গ্রেক্স্র্র্ণ স্থানের ওপর দিয়ে টানা হল। আর খ্রীন্টপূর্ব আন্মানিক দ্বিতীয় শতাব্দীতে খ্যাতনামা গণিতজ্ঞ, জ্যোতিবিদ, ভৌগোলিক ও আবহবিদ ক্লডিয়াস প্টলেমি প্রো মানচিত্রটাকেই নানা সমাক্ষরেখা ও মধ্যরেখায় ঢেকে দিলেন। সমাক্ষরেখাগ্রিল যায় নিরক্ষব্তের সমান্তরালে আর মধ্যরেখা উত্তর মের্ থেকে শ্রু হয়ে সেগ্রিলকে ছেদ করে চলে যায়।

স্থলভাগ যে একটা দীপের মতো, প্রাচীনদের এই মত প্টলেমি মেনে নিতে পারলেন না। ফিনিশীয় নাবিকদের অভিজ্ঞতায় তিনি আস্থা পোষণ করতে পারলেন না। তাঁর মতে, স্থলভাগ উত্তরে না দক্ষিণে কোথায় গিয়ে শেষ হচ্ছে এ সম্পর্কেও সঠিক কথা কেউ বলতে পারে না। এই কারণে প্টলেমি তাঁর প্থিবীর মান্চিত্র তৈরি করার সময় স্থলভাগের প্রান্তদেশ পর্যন্ত প্রেক টেনে বাড়িয়ে লিখে দিলেন যে এরপর আছে 'অপরিচিত ভূমি'।

এশিয়ার উত্তরে ও পরে অথবা আবিসিনিয়ার দক্ষিণে যে বিস্তার্ণ মহাসাগর আছে সেকথা তিনি কোনমতেই মানতে নারাজ। তাঁর বর্ণনার ভিত্তিতে পশ্ডিতেরা নতুন করে প্থিবীর যে মানচিত্র গঠন করলেন তাতে ভারত মহাসাগর চারপাশ থেকে বন্ধ এক সম্দ্রে পরিণত হয়েছে আর দক্ষিণ-পর্ব এশিয়া অজ্ঞানা স্থলভাগের সাহাযো সংযুক্ত হয়েছে সরাসরি প্র আফ্রিকার সঙ্গে।

কার কথা তবে সত্যি? এরাতোন্তেনাসকে যদি মানতে হর তাহলে সম্দ্রযাত্রী নাবিকদের পক্ষে জাহাজে চড়ে প্থিবীর যে কোন দ্র দেশে পেশিছ্ন সম্ভব। আর প্টলেমি যদি সত্যি হন তাহলে জাহাজের চলাচল বন্ধ সাগরের মধ্যে সীমাবন্ধ থাকে, তাই দ্রেষান্তার স্থলপথ ছাড়া অন্য কোন পথ নেই।

ক্লভিয়াস প্টলেমি প্রাচীন বিজ্ঞানের শেষতম উল্জবল ধারক রুপে গণা। তিনি এমন এক যুগের মান্য যখন প্রাচীন গ্রীক সংস্কৃতির দীপশিখা নিভূ নিভূ। সেই সময় পৌত্তলিকতার স্থান নিতে চলেছিল নতুন নতুন ধ্মবিশ্বাস। প্থিবী যে চেপ্টা এই ধারণা ফের এশিয়ায় ও ইউরোপে ব্যাপক প্রসার লাভ করল। বলাই বাহুলা আমাদের গ্রহের সঠিক আকার জানার পথে এটা ছিল পিছু হটা।



কোজ্মার মতে, আকাশের শক্ত চালার ওপাশে সংরক্ষিত আছে দিব্য বারি। এই দিব্য বারিই সময় সময় বৃষ্টি হয়ে আমাদের পৃথিবীতে ঝরে পড়ে। আর উত্তরে এই শ্রদ্ধেয় বাণক স্থান দিলেন এক উচ্চু পাহাভের। আকাশপরিক্রমা কালে সূর্য এর আড়ালে অন্তর্ধান করে। তথনই পৃথিবী জুড়ে সঙ্গে সঙ্গে নেমে আসে রাতের আঁধার।


বইটিতে অনেক ছবি আঁকা। কিছু কিছু ছবি রুশী অনুলিপিকররা মূল গ্রীক থেকে নিয়েছেন, কিছু নিজেরাই কল্পনা করে একছেন। কোজুমা যে সমন্ত দেশ প্রমণ করেছেন সেগালের বর্ণনা দিতে গিয়ে নিজের চোখে যা যা দেখেছেন তা বাদে অনেক শোনা কথাও লিখেছেন। তাই উট, বাঁড় বা হাতির মতো সচরাচরদ্দে জীবজন্তুর পাশাপাশি ছবিগালিতে কাল্পনিক গজবরাহা, 'নাসিকাশ্রুপ' ও 'একশ্রুদানব'ও দেখতে পাওয়া যায়।

এই বইটি যে কবে প্রথম র্শনেশে আসে বলা কঠিন। অন্বাদকের নামও জানা যায় নি। তবে অনেককাল আগেকার ঘটনা বটেই। সব দেশের লোকই প্রমণবৃত্তান্ত পড়তে অথবা শ্নতে ভালোবাসত। লেখাপড়া জানা র্শীদেরও আলেকজান্দ্রিয়ার বণিক কোজ্মার বইটি পছন্দ হয়। তোমরা হয়ত প্রশন করতে পার: 'এর মধ্যে এত উন্তট উন্তট কল্পনাই যদি থাকে তবে পছন্দ হল কী করে?' পছন্দ করার কারণ প্রথমত এই যে, লোকে এটা জানত না, তারা সবটাই সত্যি বলে মেনে নিয়েছিল। দ্বিতীয়ত, তাঁর ব্রান্ত পড়ে তাদের নিজেদের মধ্যেও দ্বে দ্বে দেশ প্রমণের আকাশ্যা তীর হয়ে ওঠে।

প্রাচীন রাশিয়ায় সাগরপারের দেশের বর্ণনা ও প্রথিবরি গঠনপ্রকৃতি সম্পর্কে প্রন্থাদি খ্র একটা কম ছিল না। একটি বইরের নাম ছিল 'অগাধগ্রন্থ' — 'অগাধ' এই কারণে যে তাতে অগাধ জ্ঞানের কথা, তত্ত্বথা নিবন্ধ ছিল। এই প্রন্থে কলিপত জ্ঞানী প্রত্র্ব দাভিদ এভসেইয়েভিচ বলছেন যে প্রথিবীকে ধারণ করে রেখেছে 'তিমিমাছ'। 'তিমিমাছ যেই পাশ বদল করে অমনি জননী বস্কুরা আগাগোড়া টলমল করে ওঠেন।'

মধ্যবংগে সবচেরে দ্বংসাহসী ভ্রমণকারীর্পে দেখতে পাই আরবদের।
সপ্তম শতাব্দীতে বিশাল ভূখণ্ড জর করার পর তাঁরা ব্যবসাবাণিজা ও পণ্যদ্রব্য
চালানের কাজ শ্রুর করেন। আরবীয় বিণকেরা প্রে ইউরোপ, স্লাভ
ভূখণ্ডের সবগর্লি দেশ এবং মধ্য এশিয়ার দেশসমূহ পরিভ্রমণ করেন।
তাঁরাই প্রথম বিষ্বরেখার খানিকটা দক্ষিণে অবিস্থিত আফ্রিকার আশ্চর্য
আশ্চর্য দেশের বিবরণ দেন, মাদাগাস্কার দ্বীপ সমেত প্রে আফ্রিকার
গ্রীন্মপ্রধান দেশগ্রনার সঙ্গে ইউরোপীয়দের পরিচয় ঘটান।

তংকালীন ভৌগোলিক তত্ত্ব সম্পর্কে লিখিত যে সমস্ত বিবরণ আমাদের



হাতে এসে পড়েছে সেগালের একটির রচিয়তা হলেন নবম শতাব্দীর পারসাদেশীয় পশ্ডিত ইব্ন হর্দাবেহ্। বইটির নাম 'বিভিন্ন পথ ও রাজ্যের বিবরণী গ্রন্থ'। নিজে তিনি ভ্রমণ করেন কম। কিন্তু বাগদাদের থলিফার দরবারে থাকার ফলে আরবীয় বিশিক, কর্মচারী ও ভ্রমণকারীদের কাছ থেকে সংগৃহীত অসংখ্য তথ্য কাজে লাগিয়েছেন তিনি।

ইব্ন হর্দাবেহ্-এর স্বল্প কিছ্কাল পরে দেখা দিল পর্যটক ইব্ন রশীদ-এর লেখা বিবরণ। তিনি নিজে বা দেখেছিলেন তাই লেখেন। তিনি তাঁর রচনার নাম দেন 'রত্নকোর'। পাশ্ডুলিপির শেষ — সপ্তম পরিচ্ছেদ আজও রয়ে গেছে। প্র ইউরোপের জাতিবর্গ সম্পর্কে নানা তথ্য ঐ অংশে আছে। সেখানে ইব্ন রশীদ যে স্লাভজাতি ও কিয়েভ র্স্ (প্রাচীন রাশিয়া ঐ নামেই পরিচিত ছিল)-এর বিবরণ দিয়েছেন পশ্চিম ইউরোপ এবং দক্ষিণ-প্র ও দক্ষিণ-পশ্চিম এশিয়ার অধিবাসীরা তাদের সম্পর্কে অতি সামান্য জানত।

দশম শতাবদীতে পূর্ব ইউরোপের জাতিবর্গ সম্পর্কে আরও তথ্য দেন ইব্ন ফাদ্লান তাঁর লেখা 'ভোল্গাযাতায়'।

বাগদাদনিবাসী মাস্দি পশ্চিম এশিয়া ও মধ্য এশিয়ার সমস্ত দেশ, ককেশাস ও পূর্ব ইউরোপ ভ্রমণ করেন। কারাভানের সঙ্গে সঙ্গে তিনি সমগ্র দক্ষিণ-পূর্ব আফ্রিকা পরিভ্রমণ করেন, চীন আর ধবদ্বীপও তিনি জানতেন। তাঁর লিখিত একটি গ্রন্থের নাম 'স্বর্ণভূমি ও হীরকর্থনি', অন্যটি — 'সমাচার ও পর্যবেক্ষণ'।


মধ্যব্দীয় এমন অনেক পর্যটকের কথা আমি
তোমাদের বলতে পারি বাঁরা আমাদের জন্য মহাম্লাবান
রচনার উত্তরাধিকার রেখে গেছেন। যেমন উল্লেখ
করতে পারি খরেজ্মনিবাসী জ্ঞানকোষ রচয়িতা পশ্ডিত
আল্-বির্ণীর নাম; নাম করা যায় সর্বকালের,
সর্বজাতির শ্রেণ্ঠ পর্যটক ইব্ন বতুতার, যিনি তাঁর
পর্শিচশ বছর পর্যটন-জীবনে অন্ততপক্ষে ১,২০,০০০
কিলোমিটার পাড়ি দেন। কিন্তু ম্সলিম পর্যটক ও
ভৌগোলিকরাও পৃথিবীকে চেপ্টা বলে কল্পনা করেন।





কেবল তফাত এই যে খ্রীন্টানদের মতো প্থিবীর আকার আয়তক্ষেত্র না বলে তাঁরা বলেছেন গোল। তাঁরা তাঁদের মানচিত্রে প্থিবীর এমন চিত্রই এ'কেছেন। এই রকম একটি চিত্রের কথা আমি তোমাদের আরও পরে বলব।





यामन भेडाकी है यान्ति





স্প্রাচীনকালে লোকে তাদের আশপাশ অশ্বলের নক্সা আঁকতে পারত। তা নইলে কী করেই বা বোঝানো যায় কোথার ভালো শিকার পাওয়া যায়, কোথাকার ফলম্ল বেশি মিঠে? পরে এই আদিম ভৌগোলিকরা তাদের নক্সায় আশেপাশের পল্লীগ্রালরও ছবি আঁকতে লাগল। ছোট ছোট পথরেখা একে সেগ্রাল যুক্ত করল। আর যখন প্রথম কারাভান বাইরের দেশে যাত্রা করল তখন কারাভান চলার দীর্ঘ পথঘাটের নক্সা এবং বিবরণও তৈরি করতে হল।

খ্যীন্টপূর্বে ষণ্ঠ শতান্দীর প্রাচীন গ্রীক দার্শনিক আনাক্সিমান্দর তংকালীন পরিচিত বহু, বিবরণ সংগ্রহ করে সমগ্র প্রথিবীর একটা নক্সা আঁকার চেল্টা করেন। এই ভাবে স্থিট হল প্রথম মানচিত্র।

সোভিয়েত ইউনিয়নে কৃষ্ণসাগরের অদ্রে মাইকোপ নামে একটি শহর আছে। বেলায়া নদীর তীরে এই শহর। তেমন একটা প্রনো নয়, একশ বছরের সামান্য ওপরে হতে পারে তার বয়স। শহরের অদ্রে উ'চু হয়ে আছে একটা চিবি। কবে যে ওখানে মাটি স্থাকার করা হয়েছিল কেউ বলতে পারে না। কেনই বা করা হয়েছিল তাও লোকে বহুকাল হল ভুলে গেছে। অবশেষে একদিন প্রস্নতত্ত্বিদ পশ্চিতেরা ঠিক কয়লেন চিবিটা খ্ডেই দেখা যাক না। হতে পারে যে ওর ভেতরে এমন সমস্ত জিনিস আছে যা থেকে কোন এক সময় এখানে সংঘটিত ঘটনার ইতিহাস প্রর্দ্ধার করা সম্ভব!

যা বলা তাই কাজ। বৈজ্ঞানিক অভিযানের জনা তৈরি হলেন পশ্ডিতেরা। চিবিটার কাছে এলেন তাঁরা। কোপানো শ্রু হয়ে গেল। এক দিন গেল — কিছুই না। দুদিন যায়, তিনদিন যায় — কোদালে ওঠে কেবল চাপ চাপ মাটি, কেবল বালি আর পাথর উড়তে থাকে খোঁড়া জায়গাটার ভেতর থেকে। প্রত্নতত্ত্বিদরা হতাশ হয়ে পড়লেন। তাঁরা তখন ভাবতে শ্রু করেছেন এই বাজে কাজে সময় নণ্ট করার কোন মানে হয় না। এমন সময় তাঁরা সন্ধান পেলেন গুপ্তধনের।

গুপ্তধনই বটে! কী নেই সেখানে! মাটিতে চাপা পড়ে ছিল একটা সমাধি। সমাধির মাথার ওপরে সোনার তবকে কার্কাজ করা জমকাল চাঁদোয়া। চাঁদোয়াটা খাড়া আছে চারটে রুপোর থামের ওপর। প্রতিটি থামের শেষ প্রান্তে রুপো আর সোনার তৈরি একটি করে পাকানো শিশুওরালা বাঁড়ের অপুর্ব ম্তি। এরই পাশে খুড়ে পাওয়া গেল সোনারুপোর স্করে তৈজসপত, বহু রকমের অলঞ্চার। সমস্ত হাতিয়ার আর অস্ত্রশস্ত ছিল পাথর আর খাঁটি তামার তৈরি। চমংকার গুপ্তধন!


বোঝাই যাচ্ছিল কোন এক সময় কোন এক বড় ও ঐশ্বর্যবান গোষ্ঠীর দলপতি মারা যায়। হয়ত বৃদ্ধ বয়সে মারা যায়, হয়ত বা শত্রুর সঙ্গে সংঘর্ষে মারা যায়। কিন্তু সে যাই হোক না কেন, লোকটি এতই শ্রদ্ধার পাত্র ছিল যে যোদ্ধারা পরম সম্মানের সঙ্গে তাকে সমাধিস্থ করে।

কিন্তু পণিডতেরা যাতে বেশি উল্লাসিত হন তা সোনা নয় রুপোও নয়। উদ্ধার করা সামগ্রীর মধ্যে সবচেয়ে আশ্চর্যের ছিল চার ধারে আঁকা গোলাকার চীনেমাটির কিছু পাত্র। ঐ কলসীগর্লের ভিতরে কোন এক সময় তৈল ও স্বার রাখা হত। অজ্ঞাতনামা শিল্পীরা মাটির গায়ে এংকে রেখেছেন ককেশাস পর্বতমালা আর নদী — যে নদী ঐ অগ্যলের মধ্য দিয়ে প্রবাহিত। দেখতে হয়েছে সত্যিকারের নশ্মা, আর এমনই নিখতে ও স্থোন্স্থেখ যে আঁকা জায়গাগ্যলি প্রত্নভ্রবিদদের বার করতে কোন বেগ পেতে হল না।

তবে সবচেরে আশ্চর্যের বিষয় ছিল উদ্ধারপ্রাপ্ত নিদর্শনের বয়স। পাত্রগঢ়ীল কম করে হলেও চার হাজার বছরের প্রবনা! সেই সময় এখানকার তৃণভূমিতে বসবাসকারী গোষ্ঠীগঢ়লির পক্ষে অক্ষরপরিচয় না জানাই ছিল স্বাভাবিক, অথচ এলাকার মানচিত্র তারা ঠিক আঁকতে পারত।

সম্প্রতি তুরস্কদেশে খননকার্ব করে প্রাচীন পল্লীর ধরংসারশেষ উদ্ধারের সময় প্রত্নতত্ত্ববিদরা মাটির ফলকের গায়ে আঁচড়-কাটা নক্সার সন্ধান পেয়েছেন। বিশেষজ্ঞদের মতে, এই নিদর্শনিটি নয় হাজার বছরের প্রনো। আজ এই মানচিত্রটি প্থিবীর প্রাচীনতম র্পে গণ্য। সতি সতিই তাই কিনা কে বলতে পারে? বলা যায় না কোথাও হয়ত আরও প্রনো আছে? নেহাৎ আমরা খল্লৈ পাই নি এখনও?













উক্ত ভূমধ্যসাগরের মাঝখানে সিসিলি একটা বড় দ্বীপ। সেখানকার পালেমোঁ শহরে আব্ আবদালা মহম্মদ ইব্ন ইদ্রিস নামে এক আরব ভূগোলবিদ পশ্ডিত বাস করতেন। তিনি ছিলেন ঐশ্বর্যশালী রাজপরিবারের সন্তান। বহু বছর তিনি অধ্যয়ন করেন, বহু শ্রমণ, করেন, পরম জ্ঞানীপ্রে,ষর্পে পরিচিত হন।

সেই সময় পালেমোঁ শাসন করতেন সিসিলির রাজা দিতীয় রজার। জন্মস্তে তিনি ইউরোপের উত্তর পশ্চিমে অবস্থিত নর্মাণ্ডির লোক, কিন্তু ভাগ্যের তাড়নার তিনি এসে পড়েন উষ্ণ জলবার্র দেশ সিসিলিতে। এখানেই থেকে গেলেন। রাজা রজার উত্তরের দেশগুলি খুব ভালো জানতেন, এর জন্য তাঁর গর্ব ছিল, তিনি ভূগোলের ভক্ত ছিলেন। (অবশ্য এটাই স্বাভাবিক — আমরা যা বেশি ভালো জানি, তাই বেশি ভালোরাসি।)

ভূগোলবিশারদ পশ্ডিতের কথা রাজার কানে গেল। লোকম্থে তিনি শ্নতে পেলেন দক্ষিণের দেশগালি সম্পর্কে তাঁর চেয়ে ভালো জ্ঞান আর কারও নেই। রজার তখন প্থিবীর বসতিপ্রে সমস্ত ভূভাগের যতদ্রে সম্ভব বিশদ ও বথাযথ, স্বৃহৎ এক মানচিত্র যৌথভাবে রচনার উদ্দেশ্যে ইব্ন ইদ্রিসিকে রাজসভার ডেকে পাঠালেন।

ভাবনা ও জ্ঞান আশ্চর্য জিনিস বটে! — র প্রকথার সেই টাকার মতো — যতই খরচ কর না কেন কোন শেষ নেই। প্রাচীন প্রবচনের ভাবার: তোমার আমার দ্বজনের কাছেই যদি একটি করে আপেল থাকে, আমরা দ্বজনেই যদি নিজেদের মধ্যে তা বদলাবদলি করি, তাহলেও আমাদের একটি করে আপেল থেকেই যায়। কিন্তু তোমার আমার দ্বজনেরই যদি ভাবনা আর জ্ঞান থাকে, আর তা যদি আমরা নিজেদের মধ্যে বিনিময় করি, তাহলে দ্বজনের প্রত্যেকের ভাবনা ও জ্ঞান হবে দ্বিগণে বেশি।

ইব্ন ইদ্রিস রাজার সঙ্গে কাজ করতে রাজী হলেন, কেননা তাঁরা দ্জনে মিলে মানচিত্র আরও পরিপর্ণ ও বিশ্বাসযোগ্য করে তুলতে পারেন।


'কিন্তু এত বড় একটা কাজ কোন্ উপাদানের ওপর র্পদান করা উচিত?' ভৌগোলিককে রাজা জিজ্জেস করলেন। তাঁর মনে হর সাধারণ কাগজ তাঁদের মানচিত্রের পক্ষে বড় বেশি সাদামাঠা, আর তা টেকসইও হবে না। আরবদেশীয় পশ্ভিত কী উত্তর দেন জানা যায় নি। কিন্তু রাজা তাঁর কোষাগার থেকে সমস্ত রুপো বার করে এনে তা গাঁলয়ে ও পিটিয়ে যত বড় আকারের হতে পারে একটা গোল রুপোর পাত বানানোর হুকুম দিলেন। তার ওপরই চিরকালের জন্য আঁকা হবে এই অপ্রে মানচিন্রটি। তোমাদের নিশ্চয়ই মনে আছে যে আরবীয় পশ্ভিতদের মতে প্থিবী চেপ্টা, তবে যোজার ঢালের মতো গোল।

রাজার ম্থের কথাই আইন। কাজে লেগে গেল প্রথমে ঢালাই কারিগরেরা তারপর স্বর্ণকারেরা। অবশেষে চারজন লোক ধরাধার করে ভারা রুপোর পাতটাকে কণ্টেস্টে ভোগোলিকের কাজের ঘরে নিয়ে গেল। এর পর থেকে দীর্ঘ পনেরো বছর ধরে আব্ আবদালা মহম্মদ ইব্ন ইদ্রিস মহাম্ল্যবান ধাতুর ওপর একে, খোদাই করে, মুদ্রান্কনপ্রণালীর সাহাযো চাপ দিয়ে ফুটিয়ে তুলতে লাগলেন তাঁর এবং রাজা রজারের জানা দেশ ও ভূখণ্ডের দেহরেখা।

মানচিত্র শেষ হওয়ার আগেই কিন্তু রাজা মারা গেলেন। কিন্তু আরবীর ভৌগোলিক কাজটা শেষ করে ছাড়লেন। যেমন ভাবা গিয়েছিল মানচিত্র তেমনি দাঁড়াল। বিশাল পাতের ওপর র্পায়িত হয়েছে বিভিন্ন দেশের সাগর-মহাসাগর, নদনদী, পাহাড়পর্বত ও মর্ভুমি, আর দীর্ঘ পাকানো কাগজে স্কুলর করে লেখা হয়েছে মানচিত্রের ব্যাখ্যা।

রাজা এবং ভৌগোলিক দ্জনে কিন্তু কেবল একটাই ভুল করেছিলেন। দেখা গেল, রুপো মোটেই দীর্ঘন্থায়ী ধাতু নয়। অচিরেই রাজার উত্তরাধিকারীদের টাকাপরসার অভাব দেখা দিল, রুপোর মানচিত্রও সঙ্গে সঙ্গে লোপাট হয়ে গেল। ইব্ন ইদ্রিস বিদ সাধারণ কাগজের ওপর এর প্রতিলিপি একে রেখে না দিতেন, তাহলে এই মানচিত্র সম্পর্কে কিছুই আমরা জানতে পারতাম না। তাঁর আঁকা প্রতিলিপিগুলি বহু বছর বিশ্বস্তভাবে, নিষ্ঠার সঙ্গে মানুষের সেবা করেছে, এমন কি আজও টিকে আছে। তাহলেই বোঝ, রুপো না কাগজ — কোন্টা বেশি টেক্সই?

দ্বাদশ শতাব্দীর মধ্যভাগে প্থিবী সম্পর্কে শেষতম যা যা তথা জানা ছিল, আরবীর ভোগোলিকের মানচিত্রে সেসবের সমাবেশ দেখা যার। এটা অবশা ঠিক যে, প্থিবীর সঙ্গে লোকের তখনও তেমন একটা ভালোমতো পরিচয় ছিল না, আর যেটুকু লোকে জানত না সেটুকু কল্পনা দিয়ে প্রণ করে নিত। এই কারণে ইব্ন ইদ্রিস ও দ্বিতীয় রজারের মানচিত্রে এমন সমস্ত জিনিস দেখতে পাওয়া যায় বাস্তবে যার কোন অভিত্ব নেই. ছিলও না। কিন্তু এই গলদ হল একালের দ্ভিতৈ, আজ থেকে আট শতাব্দী আগে এই মানচিত্র নিয়ে প্রশ্ন তোলার স্পর্ধা কারও ছিল না।



সন্ন্যাসীদের কাছে বলেছিল যে দ্রে ভারতবর্ষের কোথাও একঠেঙে লোকদের প্রেরা একটা গোষ্ঠী আছে, তারা খ্র দ্রত দৌড্রতে পারে। আর যখন ব্লিট শ্রের হয় তখন তারা মাথার ওপরে পা তুলে দিয়ে পায়ের পাতাকে ছাতা হিশেবে বাবহার করে।

ধাপ্পাবাজদের বিবরণ অনুযায়ী, ঐ ভারতবর্ষেই বাস করে এমন এক জাতের মানুষ খাদের মাথা কুকুরের, পাজোড়া ঘোড়ার, এমন কি এতই হতভাগ্য অনাস্ফি যাদের মুখবিবর নেই। পরম ঐশ্বর্যময়ী গঙ্গার তীরে ঘুরে ঘুরে এই মুখবিবরহীন লোকেরা কেবল ঘাণভোজন করে বে'চে থাকে। আর যখন ভ্রমণে বেরোয় তখন গায়বন্দের নীচে রাখে একটিমান্ত বুনো ফল, যার স্বাস বহু দিন থেকে যায়।





আফ্রিকাপ্রসঙ্গে সন্ন্যাসীরা স্রেফ মুক্তহীন কবন্ধ লোকজনের বর্ণনা দিয়েছেন। তাদের চোখ, কান আর নাক নাকি বুকের ওপর।

মানচিয়ে দৈতাদানবদের চিত্রও আছে। তাদের কান এত বিশাল আকারের যে কম্বলের মতো করে গারে জড়ানো চলে। যে লোকটা নীচের ঠোঁট দিয়ে স্থের আলো থেকে মুখ আড়াল করছে সে হল বিশালোষ্ঠ গোষ্ঠীর লোক।

সময় সময় মধ্যয় গাঁষ শিক্ষিত লোকজনের বইপ্রথির মধ্যে দার্শনিকদের লেখা এমন সমস্ত রচনার অন্বাদও দেখা যেত যেখানে ঈশ্বরের সাহায্য ছাড়াই প্রাকৃতিক ঘটনার ব্যাখ্যা দেওয়া হয়েছে। মোটকথা, যত বেশি সময় যেতে লাগল মান্ত্র ততই বেশি করে নানা তথ্যাদি সম্বয় করতে লাগল। প্রথিবী যে চেপ্টা এই মর্মে পবিত্র লিখনে যে র্পকথা ফাঁদা হয়েছে, অবিদংবাদিত ঘটনাগ্রেল তার প্রবল বির্দ্ধাচারী হয়ে দেখা দিল।

আর তারপর যা ঘটল তাতে প্থিবী যে চেপ্টা থালার মতো, এই ধারণা চিরকালের জন্য সরে গিয়ে উপকথার জগতে আশ্রয় নিল। আমাদের গ্রহ শেষ পর্যন্ত আবার গোলক রুপে প্রতিষ্ঠিত হল। ১৫১৯ সালের ২০ সেপ্টেন্বর আটলাণ্টিক মহাসাগরগামী গ্রোডালকুইভির নদীর মোহানা থেকে বেরিয়ে পাঁচটি স্পেনীয় জাহাজ ক্যানারি দ্বীপপ্রে হয়ে দক্ষিণ-পশ্চিমে, ব্রাজিলের উপকূল অভিমুখে যাত্রা করল। 'ত্রিনিদাদ' নামে এই জ্যাগশিপটি যাত্রা করল অভিযানের ক্যাণ্ডার ফার্দিনাল্দ ম্যাগেলানের নেতৃত্বে। স্পেনের রাজাকে তিনি কথা দেন যে পশ্চিমের পথ দিয়ে তিনি পরে অবস্থিত মালাক্ষা বা মশলাদ্বীপপ্রে পেশছুবেন।

তিন বছর বাদে, ১৫২২ সালের ৬ সেপ্টেম্বর, 'ভিক্টোরিয়া' নামে নৌবহরের একমাত্র বে জাহাজটি শেষ পর্যন্ত টিকে থাকে, প্রাক্তন কর্ণধার জ্বয়ান সেব্যান্তিয়ান দে এল্কানোর নেতৃত্বে, প্রথিবী প্রদক্ষিণ করে সেটি ফের এসে পড়ল গ্রোডালকুইভিরের মোহানায়। এই ভাবে সম্পন্ন হল মানবেতিহাসে প্রথম ভূপ্রদক্ষিণ, আর তাতেই চিরতরে প্রমাণিত হয়ে গেল যে প্রিবী গোল!







প্রথম আমলের ভ্রমণকারীদের জাহাজ যতক্ষণ অন্তর্বাতী সম্দের
মধ্যে যাতায়াত করছে অথবা উপকূল থেকে তেমন একটা দ্রে
যেতে ভরসা পাচ্ছে না ততক্ষণ পর্যন্ত প্রথিবীর আকার কেমন
এই নিয়ে ক্যাপ্টেনদের মাথা ঘামানোর কোন প্রশনই ওঠে না।
কিন্তু শ্রদেশের তীরভূমি থেকে তারা যত দ্রের সরতে থাকে ততই
ভূপ্তের আকারের কথা বিবেচনা না করে যে সমস্ত মানচিত্র
রচিত, সেগ্রালর, অর্থাৎ প্রনো মার্নাচত্রগ্রালর, ভূলত্র্টি আরও
বেশি করে সংশোধন করতে হয় নাবিকদের।


পশ্চদশ শতাব্দীতে শ্রে হল বড় বড় ভৌগোলিক আবিৎ্কারের যুগ। উপকূলভাগ ছেড়ে পালতোলা জাহাজ মহাসাগরের বুক ভেদ করে যাত্রা করল। এটা ছিল অবিশ্বাস্য রকমের দ্বঃসাহসী উদ্যোগ। কেন, তা তোমরা এখনই বুঝতে পারবে।


আজকের দিনে যে-কোন দেশের দকুলের ছেলেমেরেরা জানে যে প্থিবীর যে-কোন জায়গার অবস্থান অক্ষাংশ ও দ্রাঘিমাংশ — এই দুই স্থানাঙ্কের সাহায্যে নির্ণয় করা যায়। নিরক্ষরেখার উত্তর ও দক্ষিণ উভয় দিকের দুরত্ব, অর্থাৎ দ্রাঘিমাংশ হিসাব করা হয় শুন্য থেকে নব্বই ডিগ্রা থরে। আমরা বিশেষ করে এখানে ছবি একে দিয়েছি যাতে সহজেই তোমাদের একটা চাক্ষ্য ধারণা হয়।












সেই সময় কর্ণধার আর ক্যাপ্টেনরা যে ভাবে জাহাজের গতিপথ নির্ধারণ করত তা লক্ষ করার মতো। ধরা যাক, পর্তুগালের উপকূলভাগ থেকে কোন জাহাজকে মহাসাগরের ওপর দিরে দক্ষিণ-পশ্চিমে কোন দ্বীপের দিকে যেতে হবে। সবচেয়ে আগে ক্যাপ্টেনকে জেনে নিতে হবে গন্তবাস্থলের অক্ষরেখার মধ্যাহুস্থে কতটা উচ্চতে আছে। এর পর সে জাহাজ মহাসাগরের ভেতরে চালিয়ে এনে দক্ষিণে ঘোরাল। কম্পালের কাঁটায় কাঁটায় জাহাজ চলতে লাগল যতক্ষণ না মধ্যাহু সূর্য যথাযোগ্য উচ্চতায় এসে পেণছলে। তখন ক্যাপ্টেন নব্বই ডিগ্রী পশ্চিমে জাহাজের মোড় ঘ্রানোর আদেশ দিলেন, এই ভাবে দিনমণি সূর্য কতটা উচ্চতে আছে তা দেখে নিজেদের অবস্থান ব্বে অক্ষরেখা ধরে চলতে চলতে জাহাজ সোজা দীপে এসে পেণছলে।



তোমাদের মধ্যে বারা দাবাথেলা জানে তারা সম্ভবত খেরাল করেছে যে সম্দ্রযান্তার এই পদ্ধতিটা অনেকটা দাবার ঘোড়ার চালের মতো। স্বীকার করতেই হবে, সম্দ্রে জাহাজ চলাচলের পক্ষে পদ্ধতিটা তেমন প্রশস্ত নর।


এই ভাবে নৌচলাচল নির্ভারযোগ্য নয় দেখে বহু দেশের সরকার নানা ধরনের বিশেষ বিশেষ অনুসন্ধান কমিটি গঠন করলেন, খোলা সমুদ্রে দ্রাঘিমাংশ নির্ধারণের সমস্যাপ্রেণের জন্য বড় বড় প্রেস্কার ঘোষণা করলেন। কিন্তু কিছুতেই কিছু হল না। বিজ্ঞানীদের প্রস্তাবিত পদ্ধতিগলৈ দেখা গেল হয় রীতিমতো জটিল, নয়ত সামান্যই নিখুত।

কেবল ক্রনিমটার উদ্ভাবনের পরই এই সমস্যার সমাধান ঘটল। ক্রনিমটার হল জাহাজের নিখৃতি ঘড়ি, যার সাহায়ো আগাগোড়া সম্দ্রযান্তাকালে প্রাথমিক বা শ্না ডিগ্রী মধ্যরেখার সময় 'বজায় রাখা' যায়। তাহলে প্রাথমিক সময় অর্থাৎ গ্রিনীচ সময় ও স্থানীয় সময়ের মধ্যকার ব্যবধান দিয়ে ক্যাপ্টেনের পক্ষে দ্রাঘিমাংশ নিধারণ করা সম্ভব। আর স্থানীয় সময়, অন্তত মধ্যাক্তে ত বটেই, লোকে স্মরণাতীতকাল থেকে এবং ভূমপ্তলের যে কোন জায়গায় বার করতে জানত।


স্থানাতক নির্ধারণ করা একটা আংশিক সমস্যা। কিন্তু সামগ্রিক সমস্যার সমাধান—
গোলাকার ভূপ্তিকে সমতল মানচিত্রে ফুটিয়ে তোলা কী ভাবে সম্ভব? কাগজের ওপরে
কী ভাবে আঁকা যায় ভূমণ্ডলের হ্বহ্ মানচিত্র?

একটা বেলনে বা বল্-এর আবরণ সমতল টেবিলের ওপর বিছানোর চেণ্টা করেই দেখ না। আর হাাঁ, এমন ভাবে বিছাতে হবে যাতে প্রোপন্নির গায়ে গায়ে টেবিলের সমতলে আঁটসাঁট হয়ে লেপ্টে থাকে। অনেক রকম কসরত করার পর ভোমরা এই সিদ্ধান্তে আসবে যে এর উপায় একটাই — গোল আবরণটাকে কয়েক খণ্ড করে কাটতে হবে। আর এই খণ্ডগালি যত সরা হবে তত ভালো করে টেবিলের গায়ে লাগবে।


কিন্তু সিমাইরের মতন অমন ফালা ফালা মানচিত্র দিয়ে কার কী হবে? ওটা কিসের কাজে লাগবে? অথচ অমন মানচিত্র ছিল। যেন কোন গোলক থেকে ছাড়িরে নেওয়া হয়েছে, এই ধরনের ফালি ফালি গোঁজের ওপর সেই মানচিত্র আঁকা। ভূপ্তে ফুটিয়ে তোলার অন্যানা উপায়ও চেন্টা করে দেখা হয়। দেখতে দেখতে স্টে হল ভৌগোলিক মানচিত্র সংক্রম্ভ এক আকর্ষণীয় ও উল্লেখযোগ্য বিজ্ঞান — মানচিত্রান্দর্শবিদ্যা। আর যেহেতু সমতলক্ষেত্র গোলকের পিঠের প্রতির্শ কোনমতেই আনা সম্ভব নয় সেই হেতু বিজ্ঞানীয়া মানচিত্রের নানা ধরনের অসংখ্য অভিক্রেপ ভেবে বার করলেন। সেগ্রনির কোন কোনটিতে বিষ্বেরখার মাঝখান বরাবর দৈর্ঘ্য বজায় রইল, কিন্তু রেখাগ্রনি সেখানথেকে দ্রের সরে যাবার সঙ্গে সঙ্গে তাদের দৈর্ঘ্যেরও বিকৃতি ঘটতে লাগল। কতকগ্রিতে দ্রাঘিমা বরাবর দৈর্ঘ্য ঠিকই রইল, কিন্তু মহাদেশগ্রনির আকার ও আয়তনের বিকৃতি ঘটল। আবার কোন কোনটিতে মানচিত্র মহাদেশগ্রির আয়তন যাতে তাদের বান্তব ম্লোর সমান্পাতিক হয়ে প্রকাশ পায় সে চেন্টাও করা হয়। কোন কোনটিতে বা... কিন্তু এরকম আরও অনেক অনেক উল্লেখ করা যায়।



আমাদের ছবিগ্নলিতে এই রকম কয়েকটি ভৌগোলিক অভিক্ষেপের পরিচয় পাবে। মন
দিয়ে দেখ। তোমাদের মধ্যে কেউ হয়ত ভবিষাতে জাহাজের ক্যাপ্টেন হবে, তখন কিস্তু
এগ্নলির কোন একটার কথা তাকে মনে করতে হবে। একটাই বা বলি কেন, হয়ত বা
একাধিকই।











অনেক অনেক আগে, খ্রীন্টজন্মের দেড়শ বছর আগে প্রাচীন গ্রীসের অন্তর্গত মাল্পের দার্শনিক ক্রাটেস্ গোলকের আকারে প্থিবীর এক প্রতির্প তৈরি করেন। তোমরা নিশ্চয়ই ব্রুকতে পারছ যে তিনি ছিলেন আয়ারিস্টট্লের অনুগামী এবং তাঁর একজন প্রশিষ্য। দ্ভাগ্যবশত প্রতির্পটি রক্ষা পায় নি। কিন্তু ষাঁরা ওটা দেখেছিলেন তাঁরা বলেন যে ক্রাটেস্ গোলকের গায়ে একটিমাত্র স্থলভাগ একে নদনদীর প্রবাহ দিয়ে সেটাকে কতকগ্রিল ভাগে ভাগ করেন। ঐ নদনদীগ্রিলকে তিনি উল্লেখ করেন মহাসাগর নামে।

এই প্রতির পটিকে আজ অবশ্য সত্যিকারের ভূগোলক বলা কঠিন। অর্থাৎ, সেই সময়কার মান্ববের পরিচিত সমস্ত মহাদেশ আর সাগর-মহাসাগর সমেত প্রথিবীর হ্রহ্ত প্রতিরূপ একে বলা যায় না। এটা সম্ভবত ছিল প্রথিবীর প্রতীকমাত্র। যদিও পরবর্তীকালে লোকে আবার চেপ্টা প্রথিবীর তত্ত্বে ফিরে যায় তব্ রোমক ও বাইজানটাইন সমাটরা জগতের উপর রাজকীয় ক্ষমতার প্রতীক হিশেবে ক্রাটেসের ঐ সাগর-মহাসাগর বিদীর্ণ ভূথণ্ড-আঁকা গোলক প্রথম গ্রহণ করেন। কেবল পৌর্তালক রোমকদের বেলায় গোলকের মাথার ওপর শোভা পেত বিজয়লক্ষ্মীর মূর্তি আর বাইজানটাইন খ্রীষ্টানদের বেলায় — কুর্শাচহু। এর পর থেকে এই প্রতীকটি রাজকীয় ক্ষমতার অপরিহার্য চিহুরুপে পরিগণিত হয়। এখন এই রাজচিহুগুলি বিভিন্ন দেশের রাণ্ট্রীয় ও জাতীয় মিউজিয়সগু,লিতে শিল্পনিদর্শন ও মহামূল্যবান সামগ্রীরূপে সংরক্ষিত হয়ে আসছে, কেননা সেকালের শ্রেষ্ঠ শিল্পীরা এগতেল সোনা দিয়ে তৈরি করেন, দামী পাথরে অলঙ্কুত করেন।

প্রথম খাঁটি গোলকের আবিভাবে ঘটে ইউরোপে পঞ্চদশ শতাব্দীতে। একবার প্রাচীন জার্মান শহর নুরেনবার্গে স্থানীর কাপড় বাবসায়ীর ছেলে মার্টিন বেহাইম তাঁর বাবাকে দেখতে এলেন। বাপমায়ের বড় দুঃখ এই যে ছেলে তার বাপের ব্যবসায় গেল না। কোথায় নিশ্চিন্তে





মার্টিন রাজী হয়ে গেলেন। এক ফুট আট ইণ্ডি ব্যাসের একটি কাঠের গোলক বানিয়ে তার ওপর তুলট কাগজ লাগিয়ে আনতে বললেন। তারপর তিনি যা যা দেখেছেন এবং শ্রেনছেন সে সমস্তই ওটার ওপর একে ছবিগনেলির নীচে কিছু কিছু লেখাও লিখে দিলেন। এ কাজটা না করলেই বোধহয় ভালো করতেন! ভূগোলকের ওপরে কালো ও লাল কালিতে এত বেশি আষাঢ়ে গলপ ফাঁদা হয়েছে যে কিছুকাল বাদে দেখা গেল ন্রেনবার্গের লোকেরাই আর ঐ উপহার নিয়ে গর্ব করছে না, বরং জনসমক্ষে ওটা দেখাতে লম্জাই পাছে। সর্বজনবিদিত জায়গাগ্রেলির অক্ষাংশের ক্ষেত্রে মার্টিন বেহাইমের গোলকে এমন সমস্ত ভূল ছিল যা অতি সাধারণ মার্নাচিত্রেও দেখা যায় না। আর দ্রে দ্রে দেশগ্রেলি যে ভাবে দেখানো হয়েছিল তাতে মার্নচিত্রটাকে একেবারেই ছে'দো বলতে ছয়।


ষৌপপ্তা একৈ লিখে রেখেছেন যে সেখানে অতি বিশাল বিশাল দৈত্যাকার লোকজনের বাস — তাদের প্রত্যেকেই সাধারণ মান্ষের চেয়ে দৈর্ঘ্যে চারগণে এমন কি পাঁচগণে বড়। এরা উলঙ্গ হয়ে ঘ্রের বেড়ায়। তাদের বিরাট বিরাট লন্বা লন্বা কান, চওড়া মুখবিবর, বড় বড় ভয়ত্বর চোখ, আর তাদের হাত যে কোন লোকের হাতের চেয়ে চারগণে বড়।

যবদ্বীপে লেজওয়ালা লোকজনের বাস বলে তিনি উল্লেখ করেছেন। জাপানে, যাকে তিনি জিপাংগো দেশ বলেছেন সেখানে, তাঁর বিবরণ অন্যায়ী, বহু সম্দ্রদানব, সম্দ্রতাকিনী ও বিকটধরনের সমস্ত মাছের বাস।

কিন্তু তাহলে কী হবে, 'ভূমণ্ডলীয় আপেল' নামে পরিচিত তাঁর ভূগোলকে রঙচঙের খ্বই ঘটা ছিল। প্রতিটি রাজ্যে আঁকা ছিল সিংহাসনার্ঢ় ন্পতি, সর্বত্ত ছড়িয়ে আছে রঙবেরঙের প্রতীকচিহ্ন, উড়ছে পতাকা। দক্ষিণ গোলার্ধ সেকালে পর্যটকদের কাছে অপরিচিত ছিল বললেই চলে। ঐ গোলার্ধের গায়ে মার্টিন তাঁর গোলক স্থির ইতিহাস লিখে রেখেছেন।

মার্টিন বেহাইমের পর অন্যান্য দেশেও অসংখ্য ভূগোলক তৈরি হর। সেগালি ছিল ব্যরবহাল, বিশালাকার, তাদের সাহায্যে পথ খাজে পাওয়াও সাবিধাজনক নর। তবে হ্যাঁ, নাবিকদের নৌবিদ্যা শিক্ষার পক্ষে এর চেয়ে ভালো আর কিছা ভাবা যায় না। এই কারণে বহা কারিগর ভূমণ্ডলের নতুন নতুন প্রতিরূপে গড়ার কাজ চালিয়ে বেতে লাগল। সেগালির মধ্যে অনন্যসাধারণও কিছা ছিল। এই রকম একটি ভূগোলকের কাহিনীই আমি তোমাদের বলতে চাই।





প্রাচীনকালের মার্নচিত্র



সোভিরেত ইউনিয়নের লেনিনগ্রাদে নেভা নদীর তীরে
মিনারসমেত একটি প্রাচীন দালান আছে। এটা হল প্রথম
রুশ মিউজিয়ম। এখানে, মিনারের পাঁচতলায় সংরক্ষিত
আছে এক বিশাল ভূগোলক। এরই বে বিশদ ইতিহাস
লেনিনগ্রাদের বিজ্ঞানী, অধ্যাপক রুডল্ফ ইট্স দিয়েছেন,
তা তোমাদের বলতে চাই।

...১৭১৩ সালের শরংকালের এক সন্ধার জার্মান ডিউক-রাজ্য শ্লেস্ভিগ্-হল্ থিনের হট্টপ্র্ল দ্র্গের জানলাগ্রিল উজ্জ্বল আগ্রনের আলোর আলোকিত হয়ে উঠল। শ্লেই নদীর মধ্যবর্তী দ্বীপে নির্মিত এই দ্বর্লপ্র দ্রগটি স্ইডিশ সেনাবাহিনী অবরোধ করে। ডিউক-রাজ্যের সাহায্যের জন্য এগিয়ে আসে রুশ সেনাবাহিনী। অবরুদ্ধদের সঙ্গে মিলে তারা স্ইডদের বিতাড়ন করল। এই উপলক্ষে নাবালক ডিউকের অভিভাবক এক অভ্যর্থনা-সভার আয়োজন করেন। চতুর রাজপ্রতিনিধিটি জানতেন যে রুশ সেনাবাহিনীর অফিসারদের মধ্যে রাশিয়ার জার পিটার দি গ্রেটও ছিলেন।

নানা রকমের দ্বন্থাপ্য জিনিসের প্রতি পিটারের প্রবল আগ্রহ আছে জেনে ডিউকের অভিভাবক তাঁকে একের পর এক হলঘর ঘ্ররিয়ে ঘ্রিয়ে সংগ্রহ দেখাতে লাগলেন। জার এই সব দেখে অবাক হয়ে গেলেও কোথাও না থেমে দ্বত পা চালিয়ে চললেন। কিন্তু হঠাৎ একটা জিনিস দেখে তিনি থমকে গেলেন। আধা অন্ধকার বড় ঘরের মধ্যে দাঁড়







করানো আছে এক বিশাল ভূগোলক, তিন মিটারেরও বেশি তার ব্যাস। গোলকটা কাঠের তৈরি, তার গায়ে কাগজ লাগানো। কাগজের ওপর নানা রঙে আঁকা রয়েছে তৎকালীন ইউরোপে পরিচিত সমস্ত দ্বীপ আর মহাদেশ।

পিটার আরও অবাক হয়ে গেলেন যখন গৃহস্বামী পাশের একটা ছোটু দরজা খুলে অতিথিকে গোলকের ভেতরে প্রবেশের আমন্ত্রণ জানালেন। সেখানে ছিল একটা টেবিল, টেবিলের ভেতর দিয়ে চলে গেছে গোলকের অক্ষদন্ড, আর চারপাশ ঘিরে একটা বেণ্ড। লাল টকটকে রঙ লাগানো দেয়ালের গায়ে পেরেক দিয়ে আঁটা ছিল তামার তৈরি তারা।

গোলকটা জারের খ্বই মনে ধরল। আর বখন রাজপ্রতিনিধির ইঞ্চিতে গোটা মেশিনটা প্থিবীর মতো ধীরে ধীরে ঘ্রতে লাগল তখন পিটার একেবারে অভিভূত হয়ে পড়লেন। দেশে এর সাহায্যে রুশ নাবিকদের নৌবিদ্যা শেখানোর জন্য এই আশ্চর্য জিনিসটা পেতে বড় ইচ্ছে হল তাঁর। আর এই কারণে কয়েক দিন বাদে স্ইডিশ অবরোধের কবল থেকে রাজ্য উদ্ধারের জন্য কৃতজ্ঞতাস্বরুপ গোলকটা উপহার পেয়ে তিনি যে কী খুশিই হয়েছিলেন তা তোমরা বুঝতে পারছ।

শ্রে হয়ে গেল র্শদেশের রাজধানী সেপ্ট পিটার্সবিগেরি উদ্দেশ্যে জার্মান আশ্চর্যের দীর্ঘ ও কঠিন পথযাত্র। সময় লাগল চার বছর। প্রথমে গোলকটা সমদেপথে জাহাজে করে গেল, তারপর ওটাকে বিশাল স্লেজের ওপর চাপিরে বনজঙ্গল কেটে পথ বানিয়ে, জলাভূমি আর খাতের পাশ কাটিয়ে ঘোড়ায় টেনে নিয়ে যাওয়া হল। ডিউক-রাজ্যের আশ্চর্য বস্তুটি অবশেষে রাজধানীতে এসে পেশছনে সেটাকে এক বিশেষভাবে তৈরি কুঠুরিতে রাখা হল।

পরবর্তীকালে একমাত্র পিটারের মৃত্যুর পরই যাদ্বর তৈরি হলে তার মিনারে ভূগোলকটি রাখা হয়। বিশ বছর পরে বড় রকমের অগ্নিকাণ্ডের ফলে যাদ্বেরের সংগ্রহের একটা উল্লেখযোগ্য অংশ নন্ট হয়ে যায়। জার্মান গোলকটিও আগ্রনে পুড়ে যায়।

বহুকাল এমন কোন লোকের সন্ধান পাওয়া গেল না বে অগ্নিকান্ডে দন্ধ ঐ আশ্চর্য বস্তুটার সংস্কার করতে পারে। সংস্কার করতে সমর্থ হলেন রুশ কারিগর তিরিউতিন। কিছু সংখ্যক সহকারীর সাহাব্যে তিনি গড়ে তুললেন একটা নতুন কাঠামো, ঘোরানোর ফল্রব্যবস্থা মেরামত করলেন, তার উৎকর্ষসাধন করলেন। হলুদ রঙের তামার দুটি পাত দিয়ে বিষ্কুবরেখা ও দ্রাঘিমারেখার মতন





করে গোলকটাকে বেড় দিলেন। তারপর ডাকা হল অঞ্চনশিলপীদের। এখানে অনেক পরিবর্তন সাধিত হল, কেননা গত একশ বছরে প্থিবীতে বেশ কিছু নতুন জিনিস আবিষ্কৃত হয়েছে, সংশোধিত হয়েছে, যুক্ত হয়েছে।

ভেতরের দেয়ালে লাগানো হল আশমানি রঙ। নক্ষতপর্ঞের রপেকধর্মা ছবি আঁকা হল, আঁটা হল সোনালি তারা দেয়া পেরেক। বেশ হল দেখতে — প্রনোটার থেকেও ভালো।


১৯০১ সালে ভূগোলকটা নিয়ে আসা হল ত্সারস্কোয়ে সেলোভে (বর্তমানে প্রশিকন শহর)। পিতৃভূমির মহায্বদের সময় (১৯৪১-১৯৪৫) শহর সাময়িকভাবে ফাশিস্ত বাহিনী দখল করে ফেলে। সোভিয়েত সৈনারা যখন দখলদারদের কবল থেকে প্রশিকন শহর উদ্ধার করে তখন না ভূগোলক না তার ধ্বংসাবশেষ কিছুরই সন্ধান পাওয়া গেল না। বহু খোঁজাখুজির পর তার সন্ধান পাওয়া গেল জার্মানির লিউবেক শহরে — ফাশিস্তরা ওটা ওখানে নিয়ে গিয়েছিল।

দর্শো বছর আগে থেমন হয়েছিল এবারেও তেমনি গোলকটা — এখন অবশ্য তিরিউতিনের গোলক — জাহাজে চাপানো হল। আর্খানগেল্স্ক বন্দরে তার জন্য তৈরি হল এক বিশেষ ধরনের রেলওয়ে পাটাতন, তাতে চেপে আমাদের দারে-পড়ে ভ্রমণকারী ভূগোলক ফিরে এলো লেনিনগ্রাদে।

১৯৪৮ সালে বাদ্যেরের মিনারের দেয়ালে একটা বিশেষ ধরনের গর্ত করা হল। রুশ কারিগরের তৈরি এই বিশাল ভূগোলকটি ক্রেনের সাহাযো গিয়ে উঠল পাঁচতলায়। আজও ওটা ওখানেই আছে।



লেনিনগ্রাদে যাবার স্থােগ যদি তোমাদের হয়, তাহলে যাদ্ঘেরে গিয়ে এই পর্যটক ভূগােলকটিকে একবার দেখার অবশাই চেণ্টা করবে। আফশােস করতে হবে না!









সংপ্রাচীনকাল থেকে প্থিবীর আকার ও আয়তন জানার জন্য মান্বের আগ্রহ।
এরাতোন্থেনাসের পর বহু পশ্ডিত তাঁর পশ্থায় চেন্টা চালালেন। কিন্তু তাঁদের
ফল বেরোল নানা রকমের। রোড্স দ্বীপ আর আলেকজান্দ্রিয়ার মধ্যে জাহাজ
যেতে কত দিন লাগে তার হিসাব নিয়ে এবং রাতের আকাশে অগস্ত্য তারা কতটা
উচুতে থাকে তা নির্ণয় করার পর প্রাচীন গ্রীসের জ্যোতির্বিদ ও গণিতজ্ঞ
পাসভোনিয়াসও প্থিবীর পরিধি নির্ধারণ করেন। কিন্তু তাঁর ফল
এরাতোন্থেনাসের চেয়ে কম নিখ্রত হল।

তারপর প্রায় হাজার বছর কেটে গেল। নবম শতাব্দীতে থালফা আল্-মাম্বনের নির্দেশে আরবীয় পণ্ডিতরা আমাদের গ্রহ পরিমাপ করেন। তাঁরা কাজ করেন মেসোপোটামিয়ায়, কিন্তু তাঁদের হিসাবের থোঁজ পাওয়া যায় নি।

প্রথিবীর পরিধি পরিমাপের আরও কিছু, কিছু, চেণ্টা করা হয়েছে।

ষোড়শ শতাব্দীতে জনৈক ফরাসী চিকিৎসক তাঁর গাড়ির চাকায় ঘ্র্থন গণনার একটি যক্ত লাগিয়ে প্যারিস থেকে আমিয়েন্স শহরে যাত্রা করলেন। পথের শ্রুতে এবং যাত্রাশেষে তিনি কাঠের তিকোণের সাহাযো স্থাক কতটা উচ্চতে আছে তা খাটিয়ে দেখে তাই দিয়ে প্থিবীর পরিধি মাপার চেন্টা করেন। কিন্তু পথ উচ্বনীচু এবং আকাশে স্থাকতটা উচ্চতে আছে তা পরিমাপের পদ্ধতিও স্থলে হওয়ায় আশান্রপ ফল পাওয়া গেল না। পরিমাপের অন্য কোন পদ্ধতি বার করার প্রয়েজন দেখা দিল। পদ্ধতিটা হতে হবে এমন যাতে জমি উচ্বনীচু হলেও কোন ব্যাঘাত না হয়।

আরও প্রায় একশ বছর পরে উইলেরড য়েল্ নামে জনৈক ওলন্দাজ জ্যোতিবিদি ও গণিতজ্ঞ অনুর্প একটি পদ্ধতি দেখান। পদ্ধতিটির নাম তিনি দেন
'ট্রায়াংগ্লেশন' — লাতিন ভাষার শব্দ 'ট্রায়াংগ্লিয়ম' অর্থাং ত্রিকোণ থেকে এর
ব্যংপত্তি। ওপরের ক্লাসে উঠে তোমরা যখন ত্রিকোণমিতি পড়বে তখন অবশ্যই
জানতে পারবে ত্রিকোণের সাহায্যে কী ভাবে ঐরকম পরিমাপ করা যায়। ব্যাপারটা
খ্বই কোত্হলজনক।

বিভিন্ন দেশে দৈর্ঘ্য পরিমাপব্যবস্থার মধ্যে যে প্রভেদ আছে তাতেও বিজ্ঞানীদের কাজে কম ব্যাঘাত ঘটত না। যেমন, ফরাসীদেশে অন্টাদশ শতকের শেষ পর্যন্ত দৈর্ঘ্য পরিমাপের মাত্রা ছিল তুরাজ — হুর ফুটের সমান।

ঐ একই সময় ইংলণ্ডে প্রচলিত ছিল গজ — তিন ফুটের সমান। আর রাশিয়ায় সাজেন — ইংলণ্ডীয় সাত ফুট।

আবার ছোট ছোট রাজ্যে বিভক্ত জার্মানিতে ফুটের আয়তনই হত একেক রাজ্যে একেক রকমের। এছাড়া আবার ছিল মাইল — ইংলণ্ডীয় ও মার্কিন, সাম্বিদ্রক



মাইল ও স্থলসীমা মাপার মাইল, ছিল রুশী ভাস্ট'।

এসব মিলেমিশে এমন একটা জট পাকিয়ে তুলত যে সবগ্রনি বাবস্থার বদলে একটা সাধারণ ব্যবস্থার প্রবর্তন অপরিহার্য হয়ে দেখা দিল। ফরাসীরা প্রিথবীর মধ্যরেখার এক-চতুর্থাংশের এক কোটি ভাগের এক ভাগকে দৈর্ঘ্য পরিমাপের মাত্রা হিশেবে গ্রহণের প্রস্তাব দিল। ফরাসীদেশের জাতীয় পরিষদ এই প্রস্তাব আইনে পরিণত করল। নতুন মাত্রার নাম হল মিটার।



আপেলের সঙ্গে ফুটির তফাতটা কোথায় তোমরা কি জান? প্রবাদের কথা অবশ্য বলছি না, বলছি আকারের কথা। ফুটি সামনে আর পেছনের দিকে থানিকটা টানা, লম্বাটে, আর আপেল ঐ দ্বদিকেই একটু চাপা। এসো, এরকমই ধরা যাক, যদিও প্রকৃতিতে নানা বেয়াড়া আকারের ফুটি এবং আপেলও দেখা যায়।

প্থিবী যে একটা আদর্শ গোলক সপ্তদশ শতাব্দীর বিতীয়ার্ধ পর্যন্ত এ বিষয়ে কারও কোন সন্দেহই ছিল না। কিন্তু পরে হঠাৎ দেখা গোল সন্দেহ। প্থিবীর বিভিন্ন বিন্দর্তে দ্রাঘিমার ধন্বেখাগ্লের দৈর্ঘ্য পরিমাপের পর প্যারিসের বিজ্ঞান আকাদেমি এই সিদ্ধান্তে এলো যে আমাদের গ্রহ দুই মের্র দিকে সামান্য টানা, লম্বাটে। অর্থাৎ প্থিবীর আকার ফুটির মতো। এখান থেকে এর স্ত্রপাত।

ইংরেজ বিজ্ঞানী আইজাক নিউটন এটা মানলেন না। তাঁর হিসাবমতে প্রথিবীর দুই মের্র প্রান্ত লন্বাটে নয়, বরং চাপা। নিউটনকে সমর্থন করলেন ওলন্দার্জ বিজ্ঞানী খিট্রস্টিয়ান হিউইগেন্স। তিনি বললেন প্রথিবী যখন তার অক্ষদশ্ডের চারপাশে ঘোরে তখন তাকে চাপা হতেই হবে। এর সমর্থনে তিনি দেখালেন নিশ্নলিখিত পরীক্ষাটি: একটা কাঠির ডগায় বড় এক তাল কাঁচা মাটি বসিয়ে অক্ষদশ্ডের ওপরে সেটাকে জারে ঘোরাতে লাগলেন। নরম মাটির ডেলা খানিকটা চেপ্টে গিয়ে গোলক থেকে যে আকারে পরিণত হল তা অনেকটা আপেলের মতো দেখতে।

বিজ্ঞানীদের মধ্যে তক্বিতকের ঝড় উঠল। ফরাসীরা জার দিয়ে বলে চললেন, 'প্থিবীর দৃই মের্প্রান্ত লম্বাটে!' 'চেপ্টা, চেপ্টা...' এর জবাবে বললেন ইংরেজরা। এই বাদান্বাদ মীমাংসার জন্য পাঠাতে হল নতুন নতুন বৈজ্ঞানিক অভিযান, পরিমাপ করে দেখতে হল মধ্যরেখাগর্নাল। নতুন নতুন গবেষণাকর্মের ফলে কালে প্রমাণিত হল যে প্থিবী বাস্তবিকই উত্তর-দক্ষিণে খানিকটা চেপ্টা, যদিও ঠিক সমানভাবে নয়।

প্থিবীর আকার যে ঠিক কী রকম তা চ্ড়াস্তভাবে



নির্ধারিত হল আমাদের এই কালে। ১৯৫৭ সালের ৪ অক্টোবর সোভিয়েত ইউনিয়নে সাফলোর সঙ্গে উৎক্ষিপ্ত হল প্থিবীর প্রথম কৃতিম উপগ্রহ। মহাকাশের বাবহারিক চর্চার কাল শ্রু হল।

প্রথম পরীক্ষার পর একের পর এক যাত্রা করতে লাগল সোভিয়েত বাহক-রকেট। নিয়ন্ত্রণকেন্দ্রের বাহক ইউনিটগর্নালতে বন্যাস্ত্রোতের মতো তথ্য আসতে শ্রের করল।

এক বছর পরে মার্কিন যুক্তরাজ্ঞত কক্ষপথে পাঠাল তাদের কৃত্রিম উপগ্রহ।

সমান উপব্তাকার কক্ষপথে কৃত্রিম উপগ্রহগর্নের এই বাত্রা পর্যবেক্ষণ করার পরই বিজ্ঞানীরা লক্ষ্ণ করলেন যে উত্তর গোলার্যের ওপর দিয়ে যাবার সময় মহাকাশযানগর্নি তাদের কক্ষপথ নীচু করে যেন 'ডুব দেয়'। মনে হয় এখানে কোন একটা কিছ, তাদের আকর্ষণ করে, অথচ দক্ষিণ গোলার্যের ওপর দিয়ে বাত্রার সময় কোন ব্যতিক্রম হচ্ছে না। কী হতে পারে?

কন্পিউটার বন্দ্র হিসাবের কাজে লেগে গেল, ইতিমধ্যে দুই মহাদেশ থেকে ক্রমাগত উৎক্ষিপ্ত হতে লাগল কৃত্রিম উপগ্রহ, তথ্যাদি জমতে লাগল। শেষ পর্যন্ত উত্তর পাওয়া গেল! প্রিবীর দুই বিপরীত দিকে — ভারত সহাসাগর অঞ্চল ও উত্তর আমেরিকার উপকূলভাগের অদুরে কৃত্রিম উপগ্রহ যথেন্ট পরিমাণ স্কীতি দেখতে পেল। অনেক মাপজাথের পর দেখা গেল আমাদের গ্রহ উত্তর গোলার্ধে সামান্য লম্বাটে আর দক্ষিণ গোলার্ধে খানিকটা চাপা — অনেকটা নাশপাতির মতো তার আকার। তবে বইতে বেমন আঁকা হয়ে থাকে সে রকম মস্ণ, সুন্দর আর মোলায়েম নয়, এবভোখেবভো, ক্ষতবিক্ষত তার গা।

কিন্তু প্থিবীকে নাশপাতির আকারের আখ্যা দিয়েও ছেড়ে দেওরা চলে না। তাহলে কী উপায়? এই কারণে বিজ্ঞানীরা সকলে মিলে বেছে নিলেন একটি পরিভাষা — 'geoid' — ধরাকৃতি। শব্দটির উদ্ভব অবশ্য অন্টাদশ শতাব্দীতে! এই আখ্যা নিয়ে ঝগড়াঝাঁটির কোন কারণ থাকতে পারে না। ভবিষাতে প্থিবীর আরও যথাযথ যে ছবিই পাওয়া যাক না কেন, ধরাকৃতি — এই সংজ্ঞার মধ্যে তার সবগ্যালই দিব্যি কুলিয়ে যেতে পারে।







প্রিবর্তির মের্ব্তের ব্যাসার্ধ ৬৩,৫৬,৭৮০ মিটার, কিন্তু নিরক্ষব্তের ব্যাসার্ধ ২১,৩৮০ মিটার দীর্ঘতর। একুশ কিলোমিটারের সামান্য বেশি এই বাড়তি অংশটুকু আমাদের ভূম-ডলের মতো একটি গোলকের ব্যাসার্ধের পক্ষে অবশ্যই সামান্য। কিন্তু তার ফলে, দ্ভীন্তপ্বর্প, বিষ্বরেখার দৈর্ঘ্য ৪,০০,৭৫,১৬০ মিটার প্রিবরীর মধ্যরেখার দৈর্ঘ্যের চেয়ে ১,৩৪,৩৩৪ মিটার বেশি হয়ে যাছে। আর একশ চৌত্রিশ কিলোমিটার — বাই বল না কেন খ্র একটা কম দ্রের নয়।

আজ আমাদের গ্রহের আকার ও আয়তন সংক্রান্ত যাবতীয় প্রশ্নের আমরা যথাযথ উত্তর দিতে পারি। 'প্রথিবীতে জলভাগ না স্থলভাগ কোন্টা বেশি ?' প্রাচীন ভৌগোলিকদের এই বাদ-প্রতিবাদেরও আমরা উত্তর দিতে পারি। যারা যথাযথ পরিসংখ্যান চায় তাদের জনা বলতে পারি: প্থিবীতে সাগর-মহাসাগর আছে ৩৬ কোটি ১০ লক্ষ বর্গ কিলোমিটার আয়তনের। এই আয়তন সমগ্র ভূপ্তেরর ৭০ ৮ শতাংশ। তার মানে স্থলভাগ দাঁড়াচ্ছে মোটে ২৯:২ শতাংশ।

এই অপেকাকৃত ক্ষুদ্র পরিসরের মধ্যেই সমগ্র মানবজাতির বাস। তাই এখন মানুষের ওপরই নির্ভার করছে আমাদের প্রথিবীর কল্যাণ, আর এই কারণেই তোমার আমার কাজ হল প্রথিবীকে রক্ষা করা, প্রথিবীর সূখ ও সোল্যর্থ বৃদ্ধির জন্য চেন্টা করা।

পৃথিবীর আকার সন্ধান ও নির্ধারণ করতে গিয়ে মান্যকে যে কত দীর্ঘ পথযাত্তা করতে হয়েছে তা এখন তোমরা দেখলে ত!

ব্য

গোড়ার কথা	+1,	B	O.
প্রবম পরিচ্ছেদ			
আমার এলাকাটাই আমার প্রিথবী · · · ·	+,		9
আদি বাসস্থান ছাড়ার কারণ			\$
মান্ব কী ভাবে একসঙ্গে বসবাস করতে শিখল			22
প্রথম দ্রমণ · · · · · · · · · · · ·	4	٠	20
দিতীয় পরিচ্ছেদ			
প্রিবর্গ কি চেপ্টা? • • • • • •			59
জ্ঞানসাধক আর মনীষ্টদের পঠিস্থান · ·		,	52
ফিনিশীয়দের ধারণা • • • • • •	-		20
প্রিবর্ণ গোল — এই ধারণা প্রথম কাদের			55
ভৃতীয় পরিছেদ			
			50
ফের পিছিয়ে • • • • • • • •			80
চতুর্থ পরিচ্ছেদ			
•			
মার্নাচত উদ্ভাবন • • • • • • • • • •		•	89
আরবদেশীয় ভৌগোলিকের রৌপ্যমানচিত্র · ·		L	60
ঘরকুনোদের জনা মানচিত্র · · · · · ·			50
দ্র যাত্রার মানচিত · · · · · · ·	-		৫৫
পश्चम পরিভেদ			
মানচিত্র থেকে ভূগোলক		F	৬৩
একটি ভূগোলকের কাহিনী			હવ
ৰণ্ঠ পরিচ্ছেদ			
প্রথিবীর আয়তন · · · · · · ·	_		O.F.
ফুটি না আপেল — কিন্তের মতো পৃথিব [†] ? ·	r		90
উপসংহার · · · · · · · · · · ·	÷	_	95
* 111560			1.60







বইটির বিষয়বস্তু, অনুবাদ ও অন্তসম্জা বিষয়ে আপনানের মতামত পেলে আমরা বাধিত হব।

আশা করি আপনাদের মাতৃভাবায় অনুনিত রূপ ও বেছিয়েত সাহিতা আয়াদের বেশের জনগণের বংশ্কৃতি ও জীবনয়ারা সম্পর্কে

আপনাদের জ্ঞানব্দ্ধির সহায়ক হবে।

আমানের ঠিকানা:

'লাল্গা' প্রকাশন

১৭, জুবোত্দিক ব্লভান

মকেন ১১৯৮৫৯, দোভিয়েত ইউনিয়ন

'Raduga' Publishers

17, Zubovsky Boulevard

Moscow 119859, Soviet Union

Tomilia A.

HOW PEOPLE DISCOVERED THE SHAPE OF THE EARTH

In Bengali


А. Томилин

КАК ЛЮДИ ИСКАЛИ ФОРМУ СВОЕЙ ЗЕМЛИ

На языке бенгали

[©] Изпательство «Радуга», 1986 г.

বাংগা অনুবাদ সচিত্র বাদ্ধা প্রকাশন শক্ষো ১৯৮৬
স্কুলের ছোট ব্যাসী ছেলেখেরেদের জনা
সোভিয়েত ইউনিয়নে মাদ্রিত



মানচিত্তের প্রতিভাল্যি যিং জিক্টোফার রেইনবোর সেজিনো প্রাপ্ত

